বাংলাদেশ ব্যাংক-এর শিল্পকলা সংগ্রহ

ART COLLECTION OF BANGLADESH BANK

চিত্রকলা ম্যুরাল ভাস্কর্য

Paintings Murals Sculpture

বাংলাদেশ ব্যাংকের চারু শিল্পকর্ম সংগ্রহ সম্ভারের সচিত্র বর্ণনাবহ এই অ্যালবামটি পাঠকদের সামনে তুলে ধরবার সুযোগ পেয়ে আমি আনন্দিত। ব্যাংকের ভবন, প্রাঙ্গণ ও স্থাপনাগুলোর ক্রম সম্প্রসারণের সাথে সাথে এগুলোর সুসজ্জায় প্রখ্যাত শিল্পী/শিল্পবোদ্ধাদের পরামর্শ সহায়তায় বিভিন্ন সময় কেনা/কমিশন করা শিল্পকর্মগুলোয় সমৃদ্ধ আমাদের সংগ্রহ সম্ভার। এতে রয়েছে বিভিন্ন সময় শিল্প মাধ্যমে সনাতনী লোকজফর্ম থেকে বিমূর্ত আধুনিক ও আধুনিকোত্তর বিবিধ বিবর্তমান শৈলীতে দেশের তিন প্রজন্ম বিস্তৃত শিল্পীদের সৃষ্টিকর্ম।

আতিউর রহমান

It is my pleasure to introduce this Album of Bangladesh Bank's (BB's) collection of art treasure. The collection has accrued over years of gradual purchase/commissioning of artworks, chosen with expert help of committees of leading artists/art connoisseurs, for adornment of the Bank's expanding premises, buildings and installations. The collection comprises artworks of three generations of the country's artist using diverse media and diverse evolving styles and approaches, from folk and traditional to abstract modern and post modern.

Atiur Rahman

বাংলাদেশ ব্যাংক-এর শিল্পকলা সংগ্রহ
ART COLLECTION OF BANGLADESH BANK
চিত্রকলা ম্যুরাল ভাস্কর্য
Paintings Murals Sculpture

বাংলাদেশ ব্যাংক-এর শিল্পকলা সংগ্রহ

ART COLLECTION OF BANGLADESH BANK



ঘরে ঘরে দুর্গ গড়ে তোল
তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে।
তোমরা ব্যারাকে থাক, কেউ তোমাদের কিছু বলবে না।
সাত কোটি মানুষকে দাবায়ে রাখতে পারবা না।
রক্ত যখন দিয়েছি রক্ত আরও দেব
এদেশের মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশাআল্লাহ
এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম
জয় বাংলা





বাংলাদেশ ব্যাংক-এর শিল্পকলা সংগ্রহ

ART COLLECTION OF BANGLADESH BANK

চিত্রকলা ম্যুরাল ভাস্কর্য

Paintings Murals Sculpture

সম্পাদনা ও প্রকাশনা সহযোগী	Editorial and Publication Associates
এফ.এম.মোকাম্মেল হক	F.M.Mokammel Huq
সাঈদা খানম	Saeda Khanam
তানভীর আহমেদ	Tanvir Ahmed
প্রকাশক	Published by
এফ.এম.মোকাম্মেল হক মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স, বাংলাদেশ ব্যাংক	F.M.Mokammel Huq General Manager, Department of Communications and Publications, Bangladesh Bank
প্রকাশকাল	Date of Publication
এপ্রিল ২০১৩	April 2013
গ্রন্থস্বত্ব	© Copyright
বাংলাদেশ ব্যাংক	Bangladesh Bank
কৃতজ্ঞতা	Courtesy
বাংলাদেশ জাতীয় জাদুঘর	Bangladesh National Museum
মুদ্রণে	Printed by
অলিম্পিক প্রোডাক্টস প্রিন্টিং এন্ড প্যাকেজিং ১২৩/১, আরামবাগ, ঢাকা।	Olympic Products Printing & Packaging 123/1, Arambagh, Dhaka.
মূল্য : টাকা ৫০০০.০০ (পাঁচ হাজার) মাত্র ১২০ ইউএস ডলার	Price : BDT 5000.00 (Five Thousand) only US$ 120

ISBN : 978-984-33-7479-0

বাংলাদেশ ব্যাংক-এর শিল্পকলা সংগ্রহ

ART COLLECTION OF BANGLADESH BANK

চিত্রকলা ম্যুরাল ভাস্কর্য

Paintings Murals Sculpture

সম্পাদনা মুনতাসীর মামুন হাশেম খান	Editor Hashem Khan Muntassir Mamoon
লিখেছেন বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর রবিউল হুসাইন সৈয়দ মনজুরুল ইসলাম মুনতাসীর মামুন রিয়াজ আহমেদ	Contributor B. K. Jahangir Rabiul Husain Sayed Manzoorul Islam Muntassir Mamoon Reaz Ahmed
শিল্পকর্মের আলোকচিত্র এম এ তাহের	Photographs of Paintings, Murals and Sculpture M A Taher
বই নকশা হাশেম খান	Book Design Hashem Khan

বাংলাদেশ ব্যাংক-এর চারুকলা সম্পদ

বাংলাদেশ ব্যাংকের চারু শিল্পকর্ম সংগ্রহ সম্ভারের সচিত্র বর্ণনাবহ এই অ্যালবামটি পাঠকদের সামনে তুলে ধরবার সুযোগ পেয়ে আমি আনন্দিত। ব্যাংকের ভবন, প্রাঙ্গণ ও স্থাপনাগুলোর ক্রম সম্প্রসারণের সাথে সাথে এগুলোর সুসজ্জায় প্রখ্যাত শিল্পী/শিল্পবোদ্ধাদের পরামর্শ সহায়তায় বিভিন্ন সময় কেনা/কমিশন করা শিল্পকর্মগুলোয় সমৃদ্ধ আমাদের সংগ্রহ সম্ভার। এতে রয়েছে বিভিন্ন সময় শিল্প মাধ্যমে সনাতনী লোকজফর্ম থেকে বিমূর্ত আধুনিক ও আধুনিকোত্তর বিবিধ বিবর্তমান শৈলীতে দেশের তিন প্রজন্ম বিস্তৃত শিল্পীদের সৃষ্টিকর্ম। অফিসে কর্মরতদের কল্পনাশক্তি ও সৃজনশীলতা উদ্দীপনে চারুশিল্প-অলংকৃত কর্মপরিবেশের নান্দনিক উৎকর্ষ মূল্যবান ভূমিকা রাখে। পাশাপাশি বিনিয়োগসম্পদ হিসেবেও শিল্পকর্মগুলোর মূল্য ক্রমবর্ধনশীল।

ইতোমধ্যে উল্লেখযোগ্য আকারে দাঁড়ানো বাংলাদেশ ব্যাংকের শিল্পকর্ম সংগ্রহ সম্ভারটি মানানসই আকর্ষণীয়তার একটি সচিত্র অ্যালবামে বর্ণনাবদ্ধ করা দরকার। এই গুরুত্বপূর্ণ কাজটি দেশের প্রখ্যাত শিল্পী ও শিল্পবোদ্ধাদের একটি কমিটি দ্বারা সফলভাবে সম্পন্ন করানোর জন্য ব্যাংকের ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্সকে আমার ধন্যবাদ ও অভিনন্দন জানাই। অ্যালবামটির প্রণয়ন ও সম্পাদনায় সংশ্লিষ্ট শিল্পী ও শিল্পবোদ্ধাদের প্রবন্ধগুলোর অন্তর্ভুক্তি এটিকে আরও মূল্যবান করেছে। অ্যালবামটি দেশ বিদেশের শিল্পবোদ্ধা ও শিল্পকর্মবিদদের ব্যাপক মনোযোগ আকর্ষণ করবে বলে আমার প্রত্যাশা।

সফিউদ্দিন আহমেদ

জয়নুল আবেদিন

আতিউর রহমান
গভর্নর
বাংলাদেশ ব্যাংক

Qayyum Chowdhury

Sheikh Afzal

It is my pleasure to introduce this Album of Bangladesh Bank's (BB's) collection of art treasure. The collection has accrued over years of gradual purchase/commissioning of artworks, chosen with expert help of committees of leading artists/art connoisseurs, for adornment of the Bank's expanding premises, buildings and installations. The collection comprises artworks of three generations of the country's artist using diverse media and diverse evolving styles and approaches, from folk and traditional to abstract modern and post modern. Artworks enhancing the aesthetic ambience of work environment bear value in stimulating imagination and creativity of people working therein. Besides, the artworks in BB's collection also represent ascending investment value.

By now attaining a substantial size, the artwork collection at BB needed comprehensive documentation in a befittingly elegant illustrated Album. I thank and congratulate BB's Department of Communications and Publications for getting this important task completed by a team of the country's eminent artists and art scholars; inclusion of their articles on the subject further heightens the value of this Album. I expect it to attract widespread interest and attention of art connoisseures and art scholars at home and abroad.

Atiur Rahman
Governor
Bangladesh Bank

সম্পাদকের কথা

বাংলাদেশ ব্যাংকের শিল্পকলা সংগ্রহের অ্যালবামটি প্রকাশের ঘটনা আকস্মিক। বাংলাদেশ ব্যাংকের সদর দফতরে আমাদের যাওয়া-আসা অনেক দিনের। একদিন গভর্নর ড. আতিউর রহমানের সঙ্গে আমাদের সাক্ষাৎকার নির্দিষ্ট ছিল। একটু আগে পৌঁছে, আমরা করিডোরের দু'পাশের দেয়ালে টাঙানো চিত্রকলা দেখছিলাম ধীরস্থিরভাবে। অপেক্ষাঘর ও কয়েকজন কর্মকর্তার ঘরের দেয়ালেও দেখলাম টাঙানো কিছু চিত্রকর্ম। তবে, মনে হলো, অযত্নে কিছু চিত্রকলার ওপর ধুলোর আস্তরণ পড়েছে, কয়েকটির রং বিবর্ণ। গভর্নর বা কর্মকর্তারা যাবেন-আসবেন, কিন্তু বিভিন্ন সময় সংগৃহীত এ শিল্পসম্ভার অটুট থাকবে কি থাকবে না সে বিষয়ে কেউ মনোযোগ দিয়েছেন?

এ প্রশ্ন নিয়েই আলাপ করি ড. আতিউরের সঙ্গে। তিনি নিছক একজন অর্থনীতিবিদই নন, শিল্প সংস্কৃতির সঙ্গেও জড়িত অনেক দিন ধরে। আমরা প্রস্তাব দিয়েছিলাম, শিল্প সংগ্রহের সঠিক একটি তালিকা করা, সংগ্রহের একটি অ্যালবাম প্রকাশ করা যাতে পরবর্তীকালে যিনিই থাকুন না কেন, তিনি জানবেন ব্যাংকের সংগ্রহে কী ছিল। এর একটি কারণ এই যে, শিল্পকলা এখন মূল্যবান সম্পদ এবং এক ধরনের বিনিয়োগ। অন্য কারণটি হল, এ সংগ্রহ কোনো না কোনোভাবে আমাদের শিল্পচর্চার ইতিহাস ও ঐতিহ্যের সঙ্গে জড়িত। ড. আতিউর সঙ্গে সঙ্গে প্রকল্পটি গ্রহণ করলেন। সেও প্রায় দু'বছর হতে চলল।

অ্যালবাম প্রকাশের কাজ চলাকালীন ড. আতিউর আফসোস করে জানালেন, সবার ছবি আছে অথচ শিল্পাচার্যের ছবি নেই। তা' হলে এই সংগ্রহ সম্পূর্ণ হবে কীভাবে! শিল্পাচার্য জয়নুল আবেদিনের ছবি এখন আর কেনাবেচার জন্য নেই। তবে, ড. আতিউরের কথায়ও যুক্তি ছিল। অ্যালবামের সঙ্গে সংশ্লিষ্ট সবার চেষ্টার ফলে শিল্পাচার্যের স্ত্রী জাহানারা আবেদিন একটি চিত্রকর্ম দিতে সম্মত হন। এরপর গভর্নরের সঙ্গে আলোচনার এক পর্যায়ে ঠিক হয়, অপেক্ষাকৃত তরুণ যাঁদের পরিচিতি বাড়ছে, তাঁদেরও চিত্রকর্ম কিছু সংগৃহীত হোক, যাতে বলা যায় বাংলাদেশ ব্যাংকের সংগ্রহ মোটামুটি বর্তমান সময় পর্যন্ত বিস্তৃত। এই সিদ্ধান্তও বাস্তবায়িত হয়।

অ্যালবামের কাজ শুরুর আগে আমরা সিদ্ধান্ত নিই বিভিন্ন ভবনে শিল্পীদের করা ম্যুরাল ও ভাস্কর্য এর অন্তর্গত করতে হবে। সে অনুযায়ী সব কটি ম্যুরাল ও ভাস্কর্য বিষয়েও আলাদাভাবে প্রবন্ধ সংকলিত হয়েছে। আমরা এই অ্যালবামে শুধু চিত্রকর্মের প্রতিলিপিই নয়, সংক্ষেপে বাংলাদেশ ও ব্যাংকের চিত্রকলা সম্পর্কেও আলোচনা সন্নিবেশিত করতে চেয়েছি। প্রথম প্রবন্ধটি সামগ্রিকভাবে বাংলাদেশের চিত্রকলা চর্চার ইতিহাসের একটি সংক্ষিপ্ত রূপরেখা। যিনি বাংলাদেশের চিত্রকলা আন্দোলনের সঙ্গে শুরু থেকে জড়িত একজন শিল্পবোদ্ধা হিসেবে, সেই বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর এই প্রবন্ধটি তৈরি করে দিয়েছেন। বাকি লেখাগুলিও বাংলাদেশের প্রথিতযশা সাহিত্যিক ও শিল্পবোদ্ধাদের। অনেক পরিশ্রম করে শিল্পকর্মগুলির আলোকচিত্র তুলে দিয়েছেন আলোকচিত্র শিল্পী এম. এ. তাহের।

অবশেষে, অ্যালবামটি প্রকাশিত হচ্ছে। আমরা এই প্রচেষ্টার সঙ্গে সবাইকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই, প্রচেষ্টাটি সম্পূর্ণ করার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য। বিশেষভাবে ধন্যবাদার্হ গভর্নর ড. আতিউর রহমান, যিনি আগ্রহ না দেখালে অ্যালবামটি প্রকাশিত হত না।

মুনতাসীর মামুন হাশেম খান

Editor's Note

Bangladesh Bank's decision to publish an album of its collection of fine art is a coincidence. We have been frequenting the Bangladesh Bank office for a long time. One day we had an appointment with the Governor Dr. Atiur Rahman and we reached before time. We are amusing ourselves with the paintings on the walls of the corridor. We also noticed some paintings on the walls of the waiting room and on those of some of the officials. We also noticed thin layers of dust on some of them, pointing at the negligence in caretaking. Governors and officials will come and go when their time comes, but has anyone really thought about whether these paintings would remain intact?

That was what we discussed with Dr. Atiur Rahman. He is not just an economist. He has been part of the country's arts circle for many years. We proposed to him that a list of the collections be made and an album be published so that no matter whoever is in charge knows what belongs to the bank. One reason for this is that today art has become an investment. The other reason could be that the collection is actually a part of the history of our art and culture. Dr. Rahman immediately accepted the proposal. That was two years ago.

When the work of the album was going on, Dr. Rahman once regretted that even though the collection had paintings of many young artists, but it did not have any of Shilpacharya Zainul Abedin's works. How can then the collection be called a comprehensive one? Shilpacharya's paintings are no more available for buying and selling. Then again, Dr. Rahman's argument stood out too. As a lest resort we requested Shilpacharya's wife Jahanara Abedin and she finally agreed to part with a painting of Shilpacharya's. Then after discussions with the Governor, decision was made to collect paintings of some of the young artists who made some names for themselves. The aim was to cover the contemporary as well. That decision too was eventually realized.

Before beginning the work of compiling the album, we decided to include the murals and sculptures erected in the various buildings. Accordingly separate articles were included in the album on all the murals and sculptures.

We did not just include photographs of the original paintings; we also tried to encompass discussions about all the paintings. The first article is basically a brief outline of the history of fine arts and aesthetic endeavours in Bangladesh. Renowned art critic B.K Jahangir, who has been involved with the country's arts movement from the beginning, wrote the first article. The other pieces are also written by some of the noted writers and critics of the country. Photographer M A Taher had to put in a lot of effort to take snaps of all the paintings.

Finally, the album is ready for being published. We thank everyone who has extended their cooperation in finally making our endeavour a reality. A special thank goes to Governor Dr. Atiur Rahman without whose interests the album would never have seen daylight.

Hashem Khan Muntassir Mamoon

কোনো ঐতিহ্যই চিরকালের নয় তার পরিবর্তন হয়, রূপান্তর ঘটে। পরিবর্তমান সমাজে ঐতিহ্যের রূপান্তরণ ঘটে প্রতীকের পথে, কখনো পুনর্নির্মাণের পথে, কখনো বা ভেঙে। .... সমকালীন চিত্রশিল্পের জগতে যেসব পরীক্ষা-নিরীক্ষা চলেছে সেই সবের অভিঘাত পড়েছে শিল্পীদের কাজে। সেই সঙ্গে আছে দেশীয় শিল্পরীতি আবিষ্কার, পুনর্নির্মাণের প্রবল আগ্রহ।

বাংলাদেশের চিত্রকলার ধারা ।।
বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর পৃষ্ঠা ১৪

বাংলাদেশ ব্যাংকের সংগ্রহটি আমাদের শিল্পকলার বিষয়বস্তুর বৈচিত্র্যকেও তুলে ধরেছে।... ১৯৭১ সালে একটি সফল মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা প্রাপ্তি আমাদের সৃষ্টিশীলতায় এক বিশাল প্রভাব ফেলে।... প্রত্যক্ষ অথবা প্রতীকী যে ভাবেই ওই ঘটনাবহুল বছরটিকে শিল্পীরা প্রকাশ করে থাকেন না কেন, দেখা গেল অবয়বের একটি পুনরুত্থান ঘটেছে।

বাংলাদেশ ব্যাংকের শিল্পকলা সংগ্রহ : শিল্পের অঞ্চলে সংক্ষিপ্ত ভ্রমণ ।।
সৈয়দ মনজুরুল ইসলাম পৃষ্ঠা ১৯

বাংলাদেশ ব্যাংকের সংগ্রহ আমাদের দেশের তিন প্রজন্মের প্রথিতযশা শিল্পীদের কাজ একত্রিত করেছে।... বোঝা যায় কীভাবে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে চিত্রকলার জগৎ ক্রমেই বৈচিত্র্যময় ও নিরীক্ষাধর্মী হয়ে উঠেছে।

বাংলাদেশ ব্যাংক সংগ্রহ ।।
মুনতাসীর মামুন পৃষ্ঠা ২২

বাংলাদেশ ব্যাংকের দেশব্যাপী বিভিন্ন শহরের ব্যাংক কার্যালয়ে বিভিন্ন বিষয় ও মাধ্যমে যেসব শিল্পকর্ম দেখা যায় সেসবের মধ্য দিয়ে অনুরূপভাবে এদেশের মূল শিল্পরূপটি পরিদৃশ্যমান হয় এবং সার্বিকভাবে বাংলাদেশের অতীত, সাম্প্রতিক এবং আগামী দিনের শিল্পসৃষ্টির মূল পরিচয় খুঁজে পাওয়া যায়।

বাংলাদেশ ব্যাংক ভবনসমূহের চিত্রশিল্প, দেয়ালচিত্র ও ভাস্কর্য ।।
রবিউল হুসাইন পৃষ্ঠা ২৩

বাংলাদেশের চিত্রকলার ধারা

বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর

নকশিকাঁথা

শখের হাঁড়ি

জয়নুল আবেদিন এখন প্রতিষ্ঠানে পরিণত হয়েছেন। তাঁকে কেন্দ্র করে এবং একইসঙ্গে বিরোধিতা করে চিত্রশিল্পের আন্দোলন এ দেশে গড়ে উঠেছে। এই আন্দোলনে উদ্ভাবন আছে, সেইসঙ্গে আছে প্রতিধ্বনি, তবু গভীর তাৎপর্যে মণ্ডিত হয়ে যুক্ত হয়েছে এই আন্দোলন আন্তর্জাতিক চিত্রের ধারাতে। শিল্পকলার মধ্যে চিত্রের মাধ্যম আন্তর্জাতিক এবং তার আবেদন ভূগোলের সীমা মানে না। মাধ্যমের এই আন্তর্জাতিকতা চিত্রশিল্পে যে ক্রিয়া-প্রতিক্রিয়া সৃষ্টি করেছে, সে হচ্ছে তার ইতিহাস, হয়তো-বা ইতিহাসের নিয়ম। এই নিয়মের দরুন জয়নুল আবেদিন হয়ে উঠেছেন সহযোগী, প্রতিযোগী এবং মন্ত্রদাতা। এখানে তরুণ যাঁরা ছবি আঁকছেন তাঁরা প্রায় সবাই তাঁর ছাত্র। মাধ্যমের আন্তর্জাতিকতা তাঁর ছাত্রদের আধুনিক হতে উদ্বুদ্ধ করেছে, যে আধুনিকতা দেশের সীমা মানে না, কোনো রীতিকে পর্যাপ্ত বলে স্বীকার করে না, বহুভঙ্গিম রীতির চর্চা বুঝি আধুনিক মনোভঙ্গির নিশানা।

দ্বন্দ্বের সূত্রপাত এখানটাতেই। দ্বন্দ্বটি মাধ্যম ও ব্যক্তির, মাধ্যমের সঙ্গে মনের। চিত্রশিল্পের মাধ্যম থেকে যে আধুনিকতার উৎসারণ সে উৎসারণকে শেষ অবধি তো মনের সঙ্গে যুক্ত হতে হবে। কিন্তু আমাদের দেশ কি আধুনিক? পশ্চিম য়ুরোপের সমস্যাবলিতে আমরা কি বিদীর্ণ? জয়নুল আবেদিনের এই প্রশ্ন কেন্দ্র করে আমাদের দেশের চিত্রশিল্পের আন্দোলনের বিরোধিতা দানা বেঁধেছে। দেশকে জানতে হলে দেশের মূলে যেতে হবে, লোককলার উজ্জীবনেই তা সম্ভব। কিন্তু মাধ্যমের পথে যে আন্তর্জাতিকতা আমাদের দেশে অথবা মনোলোকে দেখা দিয়েছে সেই বিশাল আবেদনে সাড়া দিতেই হবে। চিত্রশিল্পে দেশজ রীতিই কি সবকিছু? চিত্রে শেষ অবধি যা টিকে থাকে সে হচ্ছে দেখবার চোখ; বস্তুকে, দৃশ্যকে, এমনকি অদৃশ্যকেও নতুন আলোকে দেখার প্রয়াস। এবং এই প্রয়াস অন্তহীন। জয়নুল আবেদিনের তরুণ বন্ধুদের এই যুক্তি অস্বীকার করার নয়। সেজন্য আমার মনে হয় আমাদের দেশের চিত্রশিল্পের সমস্যা সংকীর্ণ অর্থে অ্যাবস্ট্রাক্ট আর্টের সঙ্গে রিয়ালিস্টিক আর্টের দ্বন্দ্ব নয়। বস্তুকে, নিসর্গকে, মানুষের মুখকে কি দেখব সুন্দর করে সুমিত করে লোককলার রীতি মেনে? না বস্তুকে, নিসর্গকে, মানুষের মুখকে দেখব মনোলোকের জটিল আলোকে, নতুন ফর্ম তৈরি করে, যে ফর্ম নিসর্গে নেই, লোককলায় নেই? এবং এভাবেই হয়তো মানুষের দেখার ও বোঝার ক্ষমতা বাড়িয়ে দেওয়া যায়। খুব সম্ভব দ্বন্দ্বের রূপটি এই।

২.

আমাদের দেশে লোককলার স্বরূপ কীভাবে দানা বেঁধেছে? লোককলার চরিত্র রক্ষণশীলতা। একই নকশা বহুদিন টিকে থাকে; তার রূপান্তর নেই, পরিবর্তন নেই, বুঝি লোকজ মনে বৈচিত্র্যের তৃষ্ণা নেই। তার কারণও আছে। লোককলা যে সমাজে দানা বেঁধেছে সেই কৃষিজীবী বাঙালি সমাজের কাঠামো অপরিবর্তিত থেকেছে বহুদিন। সমাজকাঠামোর অপরিবর্তনের দরুন লোককলার চরিত্রে এসেছে রক্ষণশীলতা এবং ঐ কারণেই সমাজের মানসিকতায় অস্থির কোনো অতৃপ্তির দোলা লাগেনি। তা ছাড়া শিল্পকলার চর্চা হয়েছে বংশানুক্রমে। তাই কুমার, পাটিকর, কাঠের নকশিকর, সবাই বংশানুক্রমে কাজ করেছে। ব্যক্তির ঐ বংশানুক্রমিক জীবিকা গ্রহণ করা কিংবা ব্যক্তির বংশানুক্রমিক জীবিকার মধ্যে অন্তরিত হওয়া লোককলার ঐতিহ্যে একপক্ষে এনেছে গতানুগতিকতা অন্যপক্ষে এনেছে নিশ্চিত অভ্যাসের স্থির দীপ্তি। যে কারিগর পুতুল গড়ছেন তাঁর সব পুতুল এক রকমের, তাঁর সব ঘোড়া এক ধরনের। কিন্তু তাঁর গড়া যে কোনো একটি পুতুল, যে কোনো একটি ঘোড়া দেখতে আশ্চর্য সুন্দর। বংশের পর বংশ একই কাজ করছেন, তাই কাজে এসেছে অভ্যাসের নিয়ম, কাজ হয়েছে পাকা, এতটুকু গরমিল নেই। কিন্তু কাজ যে একঘেয়ে তাও অস্বীকার করার জো কই। অন্যপক্ষে পাহাড়পুরের পোড়ামাটির কাজের সঙ্গে ময়নামতির পোড়ামাটির কাজের তফাত নেই, একই নকশা, একই শ্রী-ছাঁদ, একই ছন্দ। ঐ সর্বজনীনতার কারণ কিন্তু সমাজকাঠামোর মধ্যে নিহিত। লোককলার শিল্পগত উপাদান সীমাবদ্ধ: যান্ত্রিক উৎকর্ষও সীমাবদ্ধ। উপাদান হচ্ছে মাটি, কাঠ, বেত, বাঁশ এসব। যন্ত্র হচ্ছে ছেনি, নরুন, চাকা, দা এসব। যাঁরা কাজ করছেন তাঁরা বংশানুক্রমে ঐসব উপাদান ও ঐসব যন্ত্র ব্যবহার করছেন। ফলে খুব সম্ভব এক ধরনের মানসিকতা গড়ে উঠেছে। চতুর্দশ শতক হচ্ছে ময়নামতির পোড়ামাটির কাজের সন-তারিখ।

ময়মনসিংহ জেলার নানা মেলায় পোড়ামাটির যেসব কাজের দেখা মেলে তাদের গঠন শ্রী-ছাঁদ অবিকল ময়নামতির পোড়ামাটির কাজের মতো। তার কারণ উপাদান ও যান্ত্রিক উৎকর্ষের সীমাবদ্ধতা। এই দুই সীমাবদ্ধতা ভিন্ন ভিন্ন ভাবে কিংবা পারস্পরিকভাবে একপক্ষে লোককলার ফলিত দিকটিকে অন্যপক্ষে লোকশিল্পীদের বংশানুক্রমিক অভ্যাসকে নিরূপিত করেছে। অমন নিরূপণের দরুন লোককলার প্রবণতা জ্যামিতিক নির্বস্তুকতা কিংবা প্রাকৃতিকতার ছন্দিত রীতিবদ্ধতার দিকে। জ্যামিতিক কাজের নমুনা: পাটি, বিভিন্ন সূচিশিল্প রঙিন কাঁথা এসব। প্রাকৃতিক ছন্দের নমুনা: কাঠের কাজ, পুতুল, খেলনা এসব। কখনো কখনো দু-ধারাই মিলেমিশে গেছে। শীতল পাটির নকশায় জ্যামিতির বিস্তার অথবা কাঠের কাজে অলঙ্করণ কিংবা বাঁশের ছাঁচের-বেড়ায় রেখার বাঁকা ঢেউ চোখ কাড়ে, মন ভোলায়। জ্যামিতিক নির্বস্তুকতা কিংবা ছন্দিত রীতিবদ্ধতার দিকে যাত্রার কিছুটা কারণ কারুকর্মের স্বরূপ ও অলঙ্করণের উপাদানাবলির মধ্যে নিহিত। শীতল পাটির বুননের ঝোঁক স্বভাবতই জ্যামিতিক নকশার দিকে। কুমোরদের চাকা স্বভাবতই ঘূর্ণায়মান রেখার নকশা গড়ে তোলে। সূচিশিল্পের ঝোঁক প্রাকৃতিক নকশার দিকে। লোককলা কিন্তু প্রতিনিধিত্বমূলক শিল্প বলতে

যা বোঝায় তা নয়। হাতি, ঘোড়া, পুতুল লোকশিল্পে অবিকল হাতি ঘোড়া পুতুল নয়। পাটিতে কিংবা কাঁথায় যেসব অলঙ্করণ সেসব লতাপাতা ফুল পাখির মতো অবিকল নয়।

৩.

বাংলা লোকচিত্রের বৈশিষ্ট্য এসেছে মন্দিরের টালির চিত্র, প্রতিমা ও ধাতু ঢালাই রীতি থেকে; অন্যপক্ষে এসেছে দাক্ষিণাত্য ও উড়িষ্যার লোকচিত্র ধারায় সংশোধিত হয়ে অজন্তার দূর ঐতিহ্য থেকে। বাংলাদেশে এই দুই রীতির দেখা মেলে। একটি রীতি অজন্তা, দাক্ষিণাত্য ঘুরে, উড়িষ্যা হয়ে বাংলাদেশের পশ্চিমে প্রভাব ছড়িয়েছে। অন্য রীতি এসেছে তিব্বত, নেপাল থেকে নালন্দা, উত্তরবঙ্গ হয়ে পূর্ববাংলায়। ঐ রীতি এসেছে ধাতু ঢালাইয়ের কাজের রেখায়, যে রেখা অনূদিত হয়েছে প্রজ্ঞাপারমিতা পুঁথি চিত্রাবলির ছবির ভাষায়। ঐ দুই ধারার সমন্বয় থেকে তৈরি হয়েছে বাংলার শিল্পের মেজাজ। তিব্বতি ও নেপালি ধাতু ঢালাইয়ের টেকনিক সার্থকতা পেয়েছে বাংলার মন্দিরের টালি ও পাটার কাজে। মন্দিরের গায়ে উৎকীর্ণ ভাস্কর্যসুলভ কাজের মিল আছে নেপালি ও তরাই অঞ্চলের ধাতু ঢালাইয়ের কাজে। মন্দিরের গায়ের দেবদেবী অসুরের মূর্তির ভিত্তি তিব্বতি ও নেপালি প্রতিমাতত্ত্ব। ঐ মূর্তিতত্ত্বে শরীরের চেয়ে অশরীরীভাব, প্রশান্তি, অমর্ত্যভাব বেশি।

এই দুই ধারার সমন্বয়ের ফলে বাংলা পটে মুখ্য হয় ফর্ম, আকার ও ডিজাইন। এ ফর্ম, আকার, ডিজাইনের কাছে অন্য গুণ গৌণ, সংক্ষিপ্ত; রঙের প্রয়োগে বিপরীত বৈষম্যে প্রতিহত হয়ে ফর্মটি ফুটে ওঠে। ঐ ফর্ম বা ডিজাইনের বিকাশে বিবর্তনে সাহায্য এসেছে মন্দিরের গায়ের টালির কাজ, ধাতু ঢালাইয়ের কাজ, ভাস্কর্য, মাটির প্রতিমা গড়ার কাজ থেকে; তেমনি সাহায্য এসেছে উড়িষ্যা, গুজরাট ও দক্ষিণ ভারতের ক্যালিগ্রাফির রেখা থেকে। ঐ দুই রীতির সমন্বয় থেকে উৎসারিত বাংলা পট; সে-পট তীক্ষ্ণ স্পষ্ট: সে-পটের গড়নে এসেছে মূর্তিসুলভ গভীরত্ব, ঘনত্ব। আরেক প্রভাব এসেছে নেপালি ধাতু ঢালাইয়ের কাজ ও বাংলার মাটির প্রতিমা থেকে। ঐ প্রভাব পড়েছে কাপড়ের ভাঁজে।

বাংলাদেশের আদিম জাতিদের চিত্র, ভাস্কর্য, পোশাক পরিচ্ছদে প্রতিফলিত স্থানিক ভাব। ঐ স্থানিক ভাবটি ফুটে উঠেছে চারপাশের প্রকৃতির সঙ্গে খাপ খাওয়ানোর ঢং থেকে। বাংলাদেশে তাই এসেছে রঙের স্নিগ্ধ অসচ্ছলতা, শাদা ধূসর অথবা শাদা গেরুয়া আল্পনা, দিগন্তের উধাও বিস্তারের সঙ্গে মানানসই মাটির বাড়ির খড়ের বাঁকানো চাল। যেন শুদ্ধ জ্যামিতিক নকশা, মৌলিক বর্ণ সমন্বয়; ত্রিকোণমিতির গড়ন উৎসারিত তাদের কাজে। দেশজ রীতির আদি উদাহরণ কালিঘাটের পট ও ভ্রাম্যমাণ পটুয়াদের কাজ। কালিঘাটের চিত্রকররা জাতে পটুয়া, আদি পেশার দিক থেকে সূত্রধর। কাঠের কাজ, মন্দির নির্মাণ, মাটির প্রতিমা গড়া তাঁদের পেশা। কিন্তু প্রতিমা গড়া ঋতুভিত্তিক, সেজন্য প্রতিমা গড়ার সময় হলে তাঁরা আঁকতেন পট, গড়তেন খেলনা মাটির ও কাঠের। কড়া চিত্রিত রেখার ক্ষমতা তাঁদের রক্তের অন্তর্গত, ফর্ম সম্বন্ধে জ্ঞান পূর্ব পুরুষদের উত্তরাধিকার। প্রতিমা গড়ার আভাস থাকার দরুন তাঁদের ছবিতে আসে মডেলিং ও ফোর্সটোনিং, মাটির ওজন ও গুণ।

যাযাবর পটুয়ারা ছিলেন ধর্মে দো-আঁশলা। তাদের জড়ানো পটের এক ঐতিহ্য এসেছে উড়িষ্যার প্রাচীন রীতি থেকে। ঐসব পটে ভল্যুম, ম্যাস, পরিপ্রেক্ষণ থাকত না, ফ্ল্যাট জমিতে দ্বিরায়তনিক অলঙ্কারবহুল চিত্র থাকত। অন্য ঐতিহ্য এসে মাটির প্রতিমার ভল্যুম, ম্যাস, মডেলিং থেকে। পট ঐ দুই রীতির ঐতিহ্যের ফল; ফিগার ঘিরে আছে শক্ত, কড়া রেখা, ভিতরে তুলির কাজ সমান, অথচ সংগঠনে এসেছে মাটির প্রতিমা বা পুতুলের ছন্দ। মাটির কাজে স্বাভাবিক আকার ভেঙেচুরে ভিন্ন আকার পায়, তেমনি পটে আসে ঐ মডেলিং-এর অস্বাভাবিক আকার। প্রতিমা বা পুতুল গড়ার উদ্দেশ্য হচ্ছে ফর্মটি তুলে ধরা, ডিজাইনটি তুলে ধরা, তেমনি পটেও বিপরীতে রঙের মাধ্যমে ছবির আসল ফর্মটি ফুটিয়ে তোলা হয়। ব্যবহৃত রং কম; গাঢ় সবুজ, তীব্র লাল, জাঁকালো ব্রাউন, জমকালো নীল। জড়ানো পট ও কালিঘাটের পটের তফাত রং ব্যবহারে, রেখা ব্যবহারে। ঐ শিল্পরূপের সম্প্রতি অবনতি ঘটেছে সমাজ কাঠামোর পুরনো গ্রাম্য বিন্যাস বদলের দরুন। কৃষিভিত্তিক বাঙালি সমাজ পরিবর্তনের দরুন একপক্ষে বংশানুক্রমিক গোত্রগুলি অসংহত হয়ে পড়েছে, অন্যপক্ষে শিল্পোৎকর্ষের মান অবনত, রেখা শিথিল, বিন্যাস অসতর্ক হয়ে পড়েছে। সমাজকাঠামো যে-সংহতি ঐ শিল্পরূপ টিকিয়ে রেখেছে এতদিন সেই কৃষিভিত্তিক গ্রাম্য সমাজকাঠামো বদলে যাচ্ছে। তাই জীবিকার সামাজিক সার্থকতা নিয়ে প্রশ্ন উঠছে। মেলা, পালাপার্বণ যাচ্ছে কমে।

৪.

বাংলাদেশের চিত্রকলার নতুন আবিষ্কার ঘটেছে ইংরেজ অভিঘাত থেকে। ঐ অভিঘাতের ফলে নতুন সমাজ গড়ে উঠেছে, নতুন চেতনার বিকাশ হয়েছে। ঐ চেতনার উপযোগী প্রকাশভঙ্গি খোঁজার তাগিদে প্রথমে এসেছে খানিকটা দিকভ্রান্ত হাতড়ানি, নানা রীতির মিশ্রণ, বিভ্রান্ত ভাব; ঐ তাগিদ থেকে ঐতিহ্যের আবিষ্কার শুরু হয়েছে। আবিষ্কৃত ঐতিহ্য তিনভাবে প্রতিভাত হয়েছে; সামন্ত ঐতিহ্য, প্রাতিষ্ঠানিক ঐতিহ্য, লোকজ ঐতিহ্য।

অবনীন্দ্রনাথ আধুনিক বাংলা চিত্রশিল্পের জনক, তিনি বাংলা চিত্রকে নানামুখী জিজ্ঞাসার মধ্যে শোধিত করেছেন। তিনি চিত্রে এনেছেন স্বদেশিয়ানা য়ুরোপীয় চিত্রসকলের বিপরীতে, ঐ স্বদেশিয়ানা আত্মসম্মানের জন্য জরুরি ও চেতনার শুদ্ধতার এক অনন্য সরঞ্জাম। য়ুরোপে আত্মসমর্পণ নয়, ঐতিহ্যের প্রয়োজন এই বোধ

ফলক, খৃ.পূ ১ম শতক মহাস্থানগড়

পোড়ামাটির পুতুল

গুপ্তযুগের পাথরের স্তম্ভ

নন্দী: কষ্টি পাথরে ভাস্কর্য, নবম শতক, ফরিদপুর

থেকে তিনি ঐতিহ্য আবিষ্কারে বেরিয়েছেন। কিন্তু লোকচিত্র, লৌকিক আচার, রীতিনীতি সম্বন্ধে নৃতাত্ত্বিক উৎসাহ থাকা সত্ত্বেও তিনি আবিষ্কার করেছেন ঐতিহ্যের খণ্ডাংশ; অজন্তা কোনারক: ঐ ঐতিহ্য সামন্তবাদী, ঐ ঐতিহ্যের ভাববাদী ব্যাখ্যানে তাঁর প্রতিভা নিরন্তর নিয়োজিত থেকেছে। অন্যপক্ষে লোকজ ঐতিহ্য সম্বন্ধে নিবিড় গভীর জ্ঞান থাকা সত্ত্বেও তাঁর ক্ষমতা, শেষ বিশ্লেষণে, থেকে গেছে সমান্তরাল। তাঁর বাদশাহি মেজাজ, তাঁর জাপানি ওয়াশ টেকনিক, তাঁর রক্তে গীতরত খেয়ালিপনা যে-বাস্তব তৈরি করেছে, সে-বাস্তব মূলত অ-ধরা, সুদূর কবিতার সহোদরা; রং নরম, নমিত বিলীয়মান। এভাবে শিল্প আন্দোলনের প্রথম পর্যায় আধুনিক য়ুরোপীয় আন্দোলন থেকে দূরে সরে গেছে; অন্যপক্ষে রাখালিয়া বিষয়, কবিতার বিষয়, চিত্রকলার বিষয় হিসেবে উপস্থাপিত করেছে। অ্যাকাডেমিক রীতি উৎসারিত হয়েছে ইংরেজ প্রতিষ্ঠিত আর্ট স্কুল থেকে। ঐ রীতি উৎসারিত করেছে রেনেসাঁসসৃষ্ট নিশ্চল দর্শকের চোখে প্রতিভাত একক স্থির বস্তু দেখার বোধ কিংবা ড্রইংক্লাস দৃষ্টিভঙ্গি। ঐ বোধ কিংবা দৃষ্টিভঙ্গি দিয়ে য়ুরোপের একটি পর্বের চিত্র বোঝা যায়, কিন্তু নানা রীতির কাজ বোঝা যায় না। অন্যপক্ষে বাংলাদেশের আধুনিক পর্বের শিল্পীদের শিক্ষা শুরু হয়েছে য়ুরোপীয় আঙ্গিকে। ঐ আঙ্গিক ব্যবহার করে তাঁরা শিখেছেন দুই মাত্রার সমান কাগজে তিন মাত্রার দৈর্ঘ্য, প্রস্থ, গভীরত্ব, ঘনত্ব আনার কৌশল; রেখা ও রঙের মাধ্যমে স্বাভাবিক প্রাকৃতিক বস্তুতে ভল্যুম ও ঘনত্ব আনার রীতি; ভাস্কর্য ও স্থাপত্যের গুণ চিত্রে আনার ব্যবহারবিধি। কিন্তু পরে, পরিণত জীবনে তাঁরা আবিষ্কার করেছেন দুই মাত্রার সমান কাগজে আলঙ্কারিক প্রতিমার প্রতিভাস ও বিন্যাসই প্রাচ্য রীতির ঝোঁক। ঐ রীতিতে আসে দুই মাত্রিক ডিজাইন; ফর্মকে মুখ্যত রেখা গৌণত রঙের সাহায্যে তুলে ধরা। ঐ দ্বন্দ্বের, ঐ বৈপরীত্যের ফাঁদে পড়েছেন প্রায় সব শিল্পী, তাঁরা ভুগেছেন প্রস্তুতি পর্বে দোটানায়। লোকজ ঐতিহ্য মূলত ফিগারেটিভ, রেখা ক্যালিগ্রাফির রেখা, প্রথম টানেই শেষ, পুনরাবৃত্তির পরপারে। চিত্র শুদ্ধ ফর্মের ডিজাইন; পুরো বাস্তবধর্মী মডেলিং নেই; রং কড়া, উজ্জ্বল। বিষয়টি রং ও রেখার মধ্যে, সর্বাশ্রয়ী ডিজাইনের মধ্যে অন্তরিত। চিত্র আখ্যানধর্মী, চিত্র আখ্যানের একটি মুহূর্ত। চিত্রিত রেখা আট-সাঁট, সংহত, ফিগারে উচ্চকিত অন্তর্নিহিত জ্যামিতিক রূপ, চিত্রিত বিষয় বাস্তবের ইঙ্গিত দেয়, কল্পনাকে মুক্তি দেয়। চোখের চেনার সঙ্গে ফিগারের মিলটুকু বুঝিয়ে দেয়, তার বেশি নয়। এভাবে স্পষ্ট হয় বস্তুর অন্তর্নিহিত সত্তা, রেখার অনিবার্যতা: চোখের চেনা বাস্তব অলঙ্কার, চিত্তবিভ্রান্তিকর উপকরণ এখানে অনুপস্থিত। যামিনী রায়ই প্রথম জয় করেছেন লোকজ ঐতিহ্যের স্বরূপ, ব্যবহার করেছেন ঐ ঐতিহ্য নিজের প্রতিভার নিয়মে।

শিল্পকলার আলোচনায় ঐতিহ্যের ঐ সামাজিক ও মানসিক দিক মনে রাখতেই হয়। কোনো ঐতিহ্যই চিরকালের নয়, তার পরিবর্তন হয়, রূপান্তর ঘটে। পরিবর্তমান সমাজে ঐতিহ্যের রূপান্তরণ ঘটে প্রতীকের পথে, কখনো পুনর্নির্মাণের পথে, কখনো-বা ভেঙে। সমাজকাঠামোবিহীন ঐতিহ্য টিকিয়ে রাখা যায় না। সেজন্যই ঐতিহ্যের নতুন বিন্যাস একপক্ষে পরিবর্তমান সমাজ অন্যপক্ষে ব্যক্তির সৃষ্টিশীল মনের সঙ্গে জড়িত। বাংলাদেশের শিল্পীদের কাজে এই সত্য ছায়া ফেলেছে। বৈদেশিক চিত্র আন্দোলনের আঙ্গিক ও তার মানসিকতার পরীক্ষানিরীক্ষা শিল্পীরা ব্যবহার করেছেন স্বদেশের গভীরে, মর্মে ও মূলে পৌঁছাবার জন্য। স্বদেশের চিত্রাভাস তাঁদের কাজে এসেছে কারুকর্মীদের পথে, পটুয়াদের পথে, কখনো-বা কুসংস্কার, পুঁথির পথ ধরে। এসবই দেশের মানুষের মনে লিপ্ত হয়ে আছে, মিলেমিশে গেছে। তাঁদের উৎসাহ ক্লান্তিহীন প্রতীক গড়ে তোলার দিকে। রূপকথা, লোককথা, কুসংস্কার, পুঁথি দেশের আত্মার যে-প্রতীক গড়ে তুলেছে তাতে মিলেমিশে গেছে কল্পনার জগৎ, উদ্ভিদজগৎ ও পশু পাখির জগৎ। যেন কোনো ভেদরেখা নেই, সবই প্রতিবেশী, পরস্পরের সঙ্গী, সহচর। ঐ একাত্মতাবোধের উপফসল হচ্ছে সহজতা এবং স্বতঃস্ফূর্ততা।

সমকালীন চিত্রশিল্পের জগতে যেসব পরীক্ষা-নিরীক্ষা চলেছে সেই সবের অভিঘাত পড়েছে শিল্পীদের কাজে। সেইসঙ্গে আছে দেশজ শিল্পরীতি আবিষ্কার, পুনর্নির্মাণের প্রবল আগ্রহ। একইসঙ্গে দেশজ ও দেশোত্তর এই মনোভাব আবেগে অস্থির, দ্বিধায় আরক্তিম। তাই তাঁরা ফর্ম ভেঙে কাজ করছেন, কখনো ফর্মকে সরল করে, কখনো-বা প্রতীকের খোঁজে দুই চোখে আলো জ্বেলে। আবার বুদ্ধির অভিযানে স্পেস, রং ও ফর্মের সমন্বয়ে নতুনতর সূচনা আনার দিকে তাদের উৎসাহ ক্লান্তিহীন।

বাংলাদেশের প্রবীণ শিল্পীদের মানসজগৎ গড়ে উঠেছে বিভাগ পূর্ব যুগের কলকাতা থেকে। কলকাতা আর্ট স্কুলের প্রাতিষ্ঠানিক ঐতিহ্য, অবনীন্দ্রনাথ ঠাকুর প্রবর্তিত ও প্রচারিত ভাববাদী শিল্পদৃষ্টি এবং লোকজ ঐতিহ্যের একপেশে বোধ জয়নুল আবেদিন, কামরুল হাসান, সফিউদ্দিন আহমেদকে বলীয়ানভাবে প্রভাবিত করেছে। প্রাতিষ্ঠানিক ঐতিহ্যের মধ্যে লোকজ রীতির বিভেদ তাঁরা বুঝেছেন খণ্ডিতভাবে; অন্যপক্ষে ভাববাদী দৃষ্টি দিয়ে লোকজ রীতির বাস্তব ব্যবহার ধরতে গিয়ে জন্ম দিয়েছেন দৃশ্যমান বাস্তবতা সম্বন্ধে উৎসাহের। এভাবে তাঁরা লোকজরীতির সঙ্গে সমীকরণ করেছেন দৃশ্যমান বাস্তবতার এবং দৃশ্যমান বাস্তবতার উদ্ভাবনকে দেশজ ঐতিহ্য বলে ধরে নিয়েছেন। এ দ্বন্দ্বের ছাপ পড়েছে তাঁদের কাজে এবং ঐ বৈপরীত্যের দরুন তাঁদের আঙ্গিক ব্যবহার থেকে থেকে দ্বিধান্বিত হয়েছে।

৫.

সাম্প্রতিক চিত্র কি বিশৃঙ্খল কল্পনা, উদ্ভট স্থাপনা, আশ্চর্য আবর্জনা? জবাব: না। তার কারণ চিত্রবিচারের রীতি, পদ্ধতি নিয়মের মধ্যে অন্তরিত। ঐ রীতি পদ্ধতি, নিয়মের সমাচারের অন্য নাম সমালোচনা। নেহাত

ভালোলাগা মন্দলাগার পরপারে তার কেন্দ্র, সেজন্য সমালোচনার অন্তিম লক্ষ্য সৃষ্টি ও সৃষ্টির জনককে বোঝা। ঐ বোঝার তাগিদ থেকে মৌল সব ধারণার জন্ম হয়। সেসব হচ্ছে: শিল্পীরা ব্যক্তিক মানুষ। সকল মানুষের মতন তাঁরা সময়ের বাসিন্দা, ঐতিহাসিক ব্যক্তি, চিরন্তন কোনো পৃথিবীর অধিবাসী নন। শিল্পকাজ প্রতিভূ হিসেবে দৃশ্যমান অভিজ্ঞতার অধীন নয়, ঐ অভিজ্ঞতা থেকে স্বাধীন, নিজেই এক বিশ্ব। শিল্পী শুরুতে অন্য শিল্পকাজ দেখেন, প্রকৃতি নয়। চিত্রসৃষ্টি স্টাইলের প্রকাশ, ঐ প্রকাশ সবসময়ই ব্যক্তিক, ব্যাখ্যানের রীতিনিষ্ঠ ধরন। চিরন্তনের ধারণা ইতিহাসের ধারণায় শুদ্ধ হতে থাকে। চিত্রবিচারে ঐসব বোধ দরকার, ঐসব বোধ প্রয়োগ করে ব্যক্তিমানুষটির কাছে আসা যায়, তাঁর কাজ চোখের মধ্যে তৈরি করার প্রয়াস পাওয়া যায়। ঐ প্রয়াস রুচি ভাঙে রুচি গড়ে রুচি জোড়া দেয়। রুচির ভাঙা গড়া নির্ভরশীল ঐসব বোধের সাবলীলতা কিংবা ঝোঁকের ওপর। ঝোঁক প্রাথমিক, কিছুতেই অন্তিম নয়। সকল মানুষের মতন শিল্পীরা সময়ের বাসিন্দা, সেজন্য ইতিহাসের দুই মুহূর্ত এক নয়, স্মৃতি কেবল সাযুজ্য তৈরি করে। ইতিহাস সেজন্য প্রক্রিয়া, সময়ের স্রোত, তার প্রভাব প্রবল ও বলীয়ান, ঐ অর্থে অতীত স্পষ্ট কিংবা লুপ্ত নয়; ঐ অর্থে মানুষের কাছে নিরপেক্ষ হওয়া সম্ভব নয়: ঐ অতীত, ঐ সময়, বিশ্ব পৃথিবী তার মধ্যে পরিশোধিত হতে থাকে। ঐ পরিশোধনের প্রাথমিক স্তর রুচি, অন্তিম স্তর নন্দনতত্ত্ব।

স্টাইলের মিল থেকে পর্ব এবং স্কুলের ধারণা তৈরি হয়। অমন মিল দুজন শিল্পীর মধ্যেকার এবং একদল শিল্পীর মধ্যেকার যোগসূত্র এবং একটি স্টাইলের বিকাশ কিংবা পরিবৃদ্ধির প্রমাণ। অন্যপক্ষে পরিবর্তনের বোধ উৎসারিত হয় শিল্পের নিয়মে: নিসর্গ: ফিগারবিহীন নিসর্গ: স্টিল লাইফ; স্টিল লাইফ থেকে নির্বস্তুকতা; স্থায়ী নকশা ও ভঙ্গি থেকে উদ্ভূত দীপ্ত রেখা ও আকৃতি: এক খণ্ড রং; গতির মধ্যে রঙের ফর্ম; মনোজ ঝোঁক; বিষয়ের তিরোভাব; নতুন বিষয়: ক্যানভাসে শিল্পীর উপস্থিতি: শিল্পীর বেশি করে, আয়ত্ত বেশি করে ছবির। স্পেস দখল: এসব চিত্র-বিচারে নতুন যুক্তির অবতারণা করেছে।

বাস্তব ধরা দেয় তিন পথে: অনুভূতি কিংবা যুক্তি কিংবা কল্পনার পথে। বাস্তবের ঐ উদ্ভাসন, শিল্পবিচারের অতীত রীতি ও সাম্প্রতিক ঝোঁক সবই বিচারের আওতায় এসে যায়। অন্যপক্ষে ইতিহাস ও সময়ের সম্পর্ক এ প্রসঙ্গে জরুরি। ইতিহাস উপেক্ষা করে, ভবিষ্যতের মধ্যে শিল্পী নিজেকে নিক্ষিপ্ত করতে পারেন কিংবা আদিম শিল্পের মধ্য দিয়ে তিনি চলে যেতে পারেন দূর অতীতে, প্রাক্ ইতিহাসে। যদি প্রতিভাস, প্রকৃতি কিংবা ইতিহাস বাস্তব না হয়, তাহলে এও সত্য যে, ঐ প্রতিভাস, প্রকৃতি এবং ইতিহাস মানবিক অভিজ্ঞতা সংগঠন করে এবং ঐসব অভিজ্ঞতার বিশ্লেষণের মাধ্যমেই কেবল বাস্তবতার অন্তঃজ্ঞানে উপনীত হওয়া যায়। তার দরুন কিউবিজম প্রাথমিক অগ্রগতি সত্ত্বেও, ঐতিহ্যেরই সংশোধন এবং নতুন প্রয়াস সাংগীতিক ও গাণিতিক নিয়ম আবিষ্কারের দিকে, ঐসব নিয়ম প্রকৃতিকে শাসন ও নিয়ন্ত্রণ করে বলে ধরা হয়। অন্য পক্ষে বাস্তবতার বিভিন্ন স্তর বিভিন্ন পর্যায় আছে। শিল্পী তার নিজের বাস্তবতার স্তর তৈরি করেন। ঐ স্তর তৈরির জন্য তিনি বহুসংখ্যক আয়তনে একইসঙ্গে কিংবা ভিন্ন ভিন্ন ভাবে অভিযান চালান। প্রতিটি আয়তন, কালে চোখের আড়ালে চলে যায়, এভাবে হয়ে ওঠে অতীত; কিংবা অভিযানের নিজস্ব নিয়মে ফের দেখা দেয়, হয়ে ওঠে বর্তমান; বহুসংখ্যক আয়তনের বিভিন্ন দিকে পরিবৃদ্ধি চিত্রের কাঠামোবিচারে নানা সমস্যার জন্ম দেয়। চিত্রশিল্পের নির্দিষ্ট আয়তনের মধ্যে যেই শিল্পের জন্ম হয়, তখনই উদ্ভূত হয় স্বাভাবিক প্রাকৃতিক ফর্মের বিকার। এভাবেই প্রকৃতির নতুন জন্ম হয়; বিকার, ভাঙন, যোজন, উদ্ভাবনের পথে। ফর্মকে অনুভূত করতেই হবে শুদ্ধ ফর্ম হিসেবে, কিন্তু ঐ অনুভবের পথে জয়নুল আবেদিনের মতন বর্ণনা, কিংবা কামরুল হাসানের মতন স্মৃতিচারণা দেখা দেওয়া অস্বাভাবিক নয়।

চিত্রের নির্দিষ্ট আয়তনের মধ্যে অন্তরিত : রেখা টোন এবং রং। রেখা পরিমাপযোগ্য, তার গুণাবলির মধ্যে আছে দৈর্ঘ্য, কোণ, কেন্দ্রীক দূরত্ব। টোনের স্বভাবে আছে কালো ও সাদার মধ্যেকার পর্যায়ক্রমিক ভেদ এবং আছে ওজনের গুণ। রঙের চরিত্রে আছে ওজন কিংবা পরিমাপের ভিন্ন দ্যোতনা। রং গুণসূচক: ওজনযোগ্য: কারণ বর্ণের উজ্জ্বলতা; পরিমাপযোগ্য, কারণ রঙের সীমা, ক্ষেত্র বিস্তৃতি।

জয়নুল আবেদিন

কামরুল হাসান

সফিউদ্দিন আহমেদ

রশিদ চৌধুরী

ঐসব আয়তনের সঙ্গে যুক্ত হয় অন্য একটি আয়তন। সেটি হচ্ছে রেখার নির্দিষ্ট সঙ্গতি, টোনের স্কেল থেকে কতক টোনের সমাহার; রঙের নির্দিষ্ট সুষমা; এভাবে তৈরি হয় স্পষ্ট, স্বতন্ত্র, প্রকাশভঙ্গি।

চোখের দেখা বদলে যায় ঐসব কারণেই। ঐ বদলের পথে অনবরত তৈরি হতে থাকে শুদ্ধ ফর্ম; সেজন্য শিল্পীরা প্রাকৃতিক ফর্মের অনুকারক নন, ফর্মের আবিষ্কারক। কিন্তু ঐ আবিষ্কার কিংবা উদ্ভাবনের ব্যক্তিক প্রয়াস শেষ সত্য নয়, কারণ শিল্পীর আবিষ্কারের কিংবা উদ্ভাবনের ক্ষমতার উৎস সমাজই, সমাজের সঙ্গে তাঁর বিচ্ছিন্নতা কিংবা একাত্মক ঐ ক্ষমতার পরিধি। পশ্চিম য়ুরোপের চিত্রকলায় ঐ সৃষ্টফর্মের আদি খোঁজ মেলে সেঁজানের কাজে। এখানেও তার খোঁজ মেলে: জয়নুল আবেদিনের সাপুড়ে, মনোহরণ, চতুষ্কোণ প্রভৃতি কাজে। রমণীর গলা লম্বা হয়ে গেছে কিংবা রমণী বসে আছে ত্রিকোণের মতো। এভাবেই শিল্পীদের কাজে নির্বস্তুক উপাদান এসেছে, সমালোচক ঐ উপাদানের ওপর জোর দিয়েছেন শুধু। নির্বস্তুকতার ঐ চেতনা শিল্পীদের কাজের বিচার ও ব্যাখ্যার নতুন এক ভিত্তিভূমি রচনা করেছে। আমিনুল ইসলামের একটি নিসর্গের উল্লেখ করা যায়। চিত্রটির নাম: ভোর, এখানে শিল্পীর চোখে যেভাবে বাস্তব উদ্ভাসিত সেখানে বাস্তবের চেনাজানা চরিত্র নেই, যেসবের মাধ্যমে বাস্তবের কংক্রিট অস্তিত্ব আমাদের কাছে ধরা দেয়। বাস্তব এখানে পর্যবসিত স্পেস ও ভল্যুমের শুদ্ধ উপাদানাবলিতে। নির্বস্তুক পৃথিবীতে এসব উপাদান সুষমভাবে সংস্থিত, শিল্পীর ইন্দ্রিয়জ বুদ্ধি দ্বারা সংগঠিত, ফলে যৌক্তিক সংহতি লাভ করেছে। ঐ নির্বস্তুকতার প্রকাশ হয়েছে রং ব্যবহারের মধ্য দিয়ে।

৬.

জয়নুল আবেদিনের সমান্তরালে আমিনুল-কিবরিয়াদের কাজে ভিন্ন এক ধারা তৈরি হয়েছে। এই ধারার কাজে প্রকৃতি কিংবা নিসর্গ কিংবা ভূপ্রকৃতি কিংবা প্রাণিকুলের ওপর কোন কমান্ডিং নির্মাণ নেই। তাঁদের কাজে এক ধরনের নস্টালজিয়া আছে তাঁদের সময়ের দিকে, অনেকটা রং ব্যবহারের দিকে অনেকটা রেনেসাঁর ভিসিবিলিটির মতো, সে যেখানে যখন সবকিছু একত্র কিংবা ঐক্যবদ্ধ সবকিছু স্পষ্ট ও সাবলীল। এই ঐক্যবদ্ধতা অথবা একত্র হওয়া থেকে জন্ম নিয়েছে নস্টালজিয়া, আমিনুল-কিবরিয়াদের নিজের দেশ অথবা সময়ের সঙ্গে। এই নস্টালজিয়া হচ্ছে এক ধরনের রাস্তা নিজেদের বর্তমানের দিকে, এখান থেকে তৈরি হয়েছে ইতিবাদী সম্পর্ক। এই অর্থে তাদের দিক থেকে নস্টালজিয়া বন্ধ জানালা খুলে দিয়েছে এবং শিল্পের দিক থেকে আমিনুলরা বিপদের দিকে পা বাড়িয়ে দিয়েছেন। শিল্পের ক্ষেত্রে যে সোশ্যাল সেনসিবিলিটি আছে তার পরিবৃদ্ধি বিজ্ঞানের ইতিহাসের মধ্যে নয়। তাদের কাজ টেক্সট ও প্র্যাকটিস, সেখানে শিল্পী (আমিনুল-কিবরিয়ারা) ও সাধারণ মানুষ পরস্পরের বিরুদ্ধে যুদ্ধরত। তাদের কাজে তাঁরা চেষ্টা করেছেন শিল্পের পরিবর্তন ও সমাজের পরিবর্তন বিশ্লেষণ করার জন্য, দেখাবার চেষ্টা করেছেন কোন কোন ফ্যাক্টর মানুষের ক্রিয়া-প্রতিক্রিয়া তৈরি করে। তাঁরা মানুষের স্বাধীনতায় বিশ্বাসী বলে একই পরিস্থিতিতে তারা দেখেছেন মানুষ বিভিন্নভাবে রি-অ্যাক্ট করে তাদের সত্তার গঠন সাবজেক্ট হিসেবে। অনন্য, ব্যক্তি সত্তার উদাহরণ হচ্ছে তাদের কাজে দেখা ও বর্ণনার বিষয়। সাদামাটা সত্তায় উদ্ভাবন অন্যদের, পাবলিকের দেখার অবজেক্ট হিসেবে তারা পরীক্ষা করেছেন, সে-পরীক্ষার সরলতা তারা ব্যাখ্যা করেছেন। সরলতা কি শেষ পর্যন্ত সরল? সরলতা হচ্ছে প্রতারক অভিজ্ঞতা। এই অভিজ্ঞতা নিজেদের চোখে এবং অন্যদের চোখে উদ্ভাবন করছে দেশ, সমাজ, রাষ্ট্র পুঙ্খানুপুঙ্খতার বিশদ বিস্তৃতি তারা নাগরিকের চোখে তুলে ধরেছেন, তাই হচ্ছে পাবলিকের মূল্যায়ন। এভাবে তারা নিজেদের লাবারেসনের মাধ্যম করে তুলেছেন। এই যাত্রা দৈনন্দিনকে ধরার যাত্রা, সেজন্য তাদের কাজে রাজনীতি এসেছে। আমাদের সমাজব্যবস্থায় নির্যাতন আছে, ক্লেশ আছে, ক্লেদ আছে। তারা ভেবেছেন শিল্পের মধ্যে সমাজবদলের একটা ঝোঁক থাকা দরকার। এই ঝোঁকটাই তাদের দেশ, সমাজ, রাষ্ট্রের কাছে টেনে এনেছে।

৭.

অন্য ধারা, তাকে বলা যায়, প্রকৃতি/নিসর্গ করার অভিজ্ঞতা এই ধারায়ও উপস্থাপিত করেছেন কাইয়ুম চৌধুরী, হাশেম খান এবং রফিকুন নবী। এই অভিজ্ঞতা উৎসারিত নির্মিত সত্তা থেকে, যেখানে বৈচিত্র্যের বিভিন্নতা ও প্রাত্যহিক জীবনের ডকুমেন্টেশন বড় করে দেখানো হয়েছে। তারা ফোকাস করেছেন জীবনযাপনের সরলতার ওপর, প্রত্যেকের জীবনযাপন বেড়ে ওঠে অভিজ্ঞতা মধ্যে দিয়ে। এই অভিজ্ঞতাই সুচারুভাবে তারা এঁকেছেন নিজেদের কাজে। তাঁরা নিজেদের অভিজ্ঞতার কোন কোন ক্ষেত্রে উদ্ভাবন করেছেন। বিষয় হিসেবে এই উদ্ভাবন তাদের অভিজ্ঞতার পরিসর বাড়িয়েছে। সরলতা কি শেষ বিশ্লেষণে সরল? সরলতা হচ্ছে অভিজ্ঞতার বিস্তৃতি। এই সজীবতাই উদ্ভাবন করে নিজের দেশ, সমাজ এবং রাষ্ট্র নিজেদের চোখে এবং অন্যদের চোখে। তারা পাবলিকের কাছে অভিজ্ঞতার খুঁটিনাটি তুলে ধরেছেন, যা একইসঙ্গে সম্পর্কের মূল্যায়ন। এভাবে তারা নিজেদের প্রকাশ করেছেন। এই যাত্রার গন্তব্য প্রাত্যহিক জীবন উন্মোলিত করা, যে কারণে তাদের কাজে রাজনৈতিকতা এসেছে। আমাদের সমাজে নির্যাতন আছে, শৃঙ্খলা আছে, আছে দুর্গতি ও দুর্ভোগ। সেজন্য তাঁরা ভেবেছেন শিল্পের ক্ষেত্রে বৈপ্লবিকতা দরকার; এই বোধ তাঁদের সংলগ্ন করেছে দেশ, সমাজ ও রাষ্ট্রের সঙ্গে।

বাংলাদেশ ব্যাংকের শিল্পকলা সংগ্রহ : শিল্পের অঞ্চলে সংক্ষিপ্ত ভ্রমণ

সৈয়দ মনজুরুল ইসলাম

বাংলাদেশ ব্যাংক স্বাধীনতার পূর্ব থেকে বাংলাদেশের সমকালীন চিত্রকলা ও বুনন শিল্পের কাজের যে সংগ্রহটি গড়ে তুলেছে, তাকে বিষয়বস্তু, শৈলী ও প্রবণতার বিচারে প্রতিনিধিত্বশীলই বলা যাবে। তবে স্বাধীনতার পর থেকেই বাংলাদেশ ব্যাংকে শিল্পকলা সংগ্রহের কাজ শুরু হয়। বাংলাদেশ ব্যাংকের প্রধান ভবন, গভর্নরের বাসভবন, আঞ্চলিক কার্যালয় ও অন্যান্য ভবনে সংরক্ষিত শিল্পকলার সংগ্রহটি বাংলাদেশের আধুনিক চিত্রকলার কয়েকজন পথিকৃতের কাজের সঙ্গেও দর্শকদের পরিচিত করিয়ে দেয়। শিল্পাচার্য জয়নুল আবেদিনের নেতৃত্বে ১৯৪৮ সালে ঢাকায় একটি আর্ট ইনস্টিটিউট স্থাপনের মধ্য দিয়ে এদেশের আধুনিক শিল্পকলার ক্ষেত্রে যে আন্দোলনের সূচনা হয়, তার একটি মোটামুটি প্রতিফলন এই সংগ্রহে পাওয়া যায়। জয়নুল, তাঁর দুই সহকর্মী কামরুল হাসান এবং সফিউদ্দিন আহমেদের কাজ এ সংগ্রহে আছে, এবং আরও আছে আরেক পথিকৃৎ শিল্পী এস এম সুলতানের একটি কাজ।

বাংলাদেশ ব্যাংকের সংগ্রহে এসব অগ্রগণ্য শিল্পীর একটি করে কাজ থাকলেও এঁদের ঠিক পরপর যারা বাংলাদেশের শিল্পভুবনে আত্মপ্রকাশ করেন, তাঁদের একাধিক কাজ সংগৃহীত হয়েছে। এঁদের মধ্যে আছেন মোহাম্মদ কিবরিয়া, আমিনুল ইসলাম, আবদুর রাজ্জাক, দেবদাস চক্রবর্তী, কাইয়ুম চৌধুরী, মুস্তাফা মনোয়ার, কাজী আবদুল বাসেত, মুর্তজা বশীর, সৈয়দ জাহাঙ্গীর ও নিতুন কুণ্ডু। তবে সংখ্যায় কম হলেও এসব শিল্পীর কাজ দেখে গত শতকের পঞ্চাশ দশক থেকে শুরু করে আমাদের শিল্পকলায় যে উৎসার ঘটে, তার গতিপ্রকৃতি সম্বন্ধে একটা পরিষ্কার ধারণা পাওয়া যাবে। তবে, আবারও, একটি সীমাবদ্ধতার কথা বলতে হয়। তেল ও জলরং ছাড়া অন্যান্য মাধ্যম বলতে রশিদ চৌধুরীর দুটিমাত্র বুনন শিল্পের কাজ এ সংগ্রহে আছে। ফলে ভাস্কর্যসহ অন্যান্য মাধ্যমে যেসব চমৎকার ও মেধাবী কাজ বাংলাদেশে হচ্ছে, সে সম্পর্কে এই সংগ্রহটি হয়তো কোনো ধারণা দিতে পারবে না। হয়তো প্রদর্শনীর জন্য উপযুক্ত পরিসরের অভাবে ভাস্কর্য ও স্থাপনাশিল্পের কাজ সংগৃহীত এবং প্রদর্শিত হয়নি। ছাপাই ছবির বৈভব ও বৈচিত্র্য যথাযথভাবে প্রতিফলিত হয়নি। তবে, এই সংগ্রহের পেছনে যে নিষ্ঠা এবং শিল্পচেতনা কাজ করেছে, তা নিশ্চয় ভবিষ্যতে বিভিন্ন মাধ্যমে করা কাজের একটি ব্যাপক সমাহার ঘটাবে সার্থকভাবে, একথা নিশ্চিত করে বলা যায়। এ প্রসঙ্গে এতে আমাদের প্রতিভাবান অসংখ্য তরুণ শিল্পীর কথা বলা যায় যাঁরা দেশে বিদেশে বিভিন্ন প্রতিযোগিতামূলক প্রদর্শনীতে অংশ নিয়ে তাদের মেধার স্বাক্ষর রাখছেন। তাঁদের কাজও নিশ্চয় একদিন বাংলাদেশ ব্যাংকের শিল্পকলা ভাণ্ডারকে আরও সমৃদ্ধ করবে।

তবে এই সংগ্রহ বেশ কয়েক প্রজন্মের শিল্পীকে এক কাতারে নিয়ে এসেছে। এখানে প্রজন্ম বলতে সেই কুড়ি-পঁচিশ বছরের বয়স ব্যবধানকে বোঝানো হচ্ছে না, বরং বোঝানো হচ্ছে সেসব শিল্পীকে যাঁরা অগ্রজদের সঙ্গে দৃষ্টিভঙ্গি, শৈলী, মাধ্যম এবং পরিবেশনগত পার্থক্য তৈরি করে নিজেদের স্বাতন্ত্র্য রচনা করেছেন, তাঁদের। দেখা যাবে, পথিকৃৎদের সঙ্গে দশ বছরের ব্যবধানেই শিল্পচর্চায় নতুন ধ্যানধারণা নিয়ে অনেকে উপস্থিত হয়েছেন। এর পেছনে কাজ করেছে যুগের প্রভাব এবং পৃথিবীর, প্রধানত পশ্চিমের সমকালীন শিল্পধারাগুলোর সঙ্গে এঁদের পরিচয়। এভাবে আমরা পাই আবু তাহের, সমরজিৎ রায় চৌধুরী, শামসুল ইসলাম নিজামী এবং হাশেম খানকে যাঁদের কেউ কেউ বিমূর্তায়নের বিশুদ্ধতা সন্ধান করেছেন, কেউ করেছেন দৃশ্যের অভ্যন্তরের কাব্যিকতাকে। এঁদের পরপরই আবির্ভাব ঘটে রফিকুন নবী, মনিরুল ইসলাম ও মাহমুদুল হকসহ বেশ কিছু প্রতিভাবান শিল্পীর। ষাট-সত্তর দশক জুড়ে দৃশ্যপটে আরও আসেন আবদুস শাকুর শাহ, হাসি চক্রবর্তী, আবদুস সাত্তার, বীরেন সোম, শাহাবুদ্দীন আহমেদ, মনসুরুল করিম, অলকেশ ঘোষ, মারুফ আহমদ, রেজাউল করিম, কে এম এ কাইয়ুম, ওয়াকিলুর রহমান, মোহাম্মদ ইউনুস। ব্যাংকের সংগ্রহে তরুণ শিল্পীদের মধ্যে রয়েছেন মো. মনিরুজ্জামান, শেখ আফজাল হোসেন, মামুন কায়সার, মো. আমিরুল মোমেনীন চৌধুরী, মোহাম্মদ ইকবাল, রণজিৎ দাস, মো. আনিসুজ্জামান ও একেবারে নবীন বিশ্বজিৎ গোস্বামী। পাশাপাশি আরও রয়েছেন নাজলী লায়লা মনসুর, ফরিদা জামান, নাসরিন বেগম, রোকেয়া সুলতানা ও কনক চাঁপা চাকমা। এই শেষ পাঁচজনকে নারী শিল্পী হিসেবে পরিচয় দিতে দেখেছি কোনো কোনো লেখালেখিতে, তবে তাতে তাঁদের মেধা ও দক্ষতার বিষয়টি পাশ কাটিয়ে একটি আরোপিত পরিচিতিতে তাঁদের বন্দী করা হয় বলেই আমার ধারণা। শিল্পী প্রধানত শিল্পী, এবং এই পরিচয় পুরুষ-নারী বিভাজনে ফেলা উচিত নয়। তবে এ ক'জন শিল্পীর সম্বন্ধে এ কথা বলা যায় যে, তাঁদের কাজের মাধ্যমে বাংলাদেশের আধুনিক শিল্পকলার আন্দোলনে একটি বলিষ্ঠ ভূমিকা রাখার পাশাপাশি তাঁরা যে কাজটি করেছেন, তা হচ্ছে শিল্পকলায় নারীদের সামাজিক অবস্থানটি, তাঁদের সংগ্রাম এবং পুরুষতান্ত্রিকতা ও সমাজের নানা প্রতিকূলতাকে পাশ কাটিয়ে তাদের নিজস্বতা অর্জনের বিষয়টিকে প্রতিষ্ঠা দেওয়া। শিল্পকলায় একটি নারী-ভাষা সৃষ্টিতেও তাঁদের অবদান রয়েছে এবং তাঁদের সংবেদী কাজে সমাজের দৃষ্টিতে 'অনুপস্থিত' মননের একটি সুন্দর প্রকাশ ঘটেছে। তা ছাড়া, অনেকে তরুণী শিক্ষার্থীকে শিল্পকলাকে প্রাতিষ্ঠানিক শিক্ষার একটি বিষয় হিসেবে নিতে এবং এর মাধ্যমে নিজেদের সৃষ্টিশীলতার স্ফুরণ ঘটাতে উৎসাহিত করেছেন।

মোহাম্মদ কিবরিয়া Mohammad Kibria



কাজী আবদুল বাসেত Kazi Abdul Baset



Nazlee Laila Mansur নাজলী লায়লা মনসুর

K.M.A. Quayyum কে.এম.এ. কাইউম

বাংলাদেশ ব্যাংকের সংগ্রহটি আমাদের শিল্পকলার বিষয়বস্তুর বৈচিত্র্যকেও তুলে ধরেছে। ছবিগুলোতে যেমন একদিকে উন্মুক্ত প্রকৃতিকে উদ্‌যাপন করা হচ্ছে, অন্যদিকে নগরায়ন ও শিল্পায়নের ফলে সেই প্রকৃতির বিপন্নতাও তুলে ধরা হচ্ছে; একদিকে পরিসরের (এবং তা শুধু স্থানিক নয়, মানসিক এবং একান্ত মুহূর্তেরও) প্রশান্তি, অন্যদিকে এই পরিসর সংকুচিত হওয়ার উদ্বেগ; একদিকে স্বাধীনতার গান, অন্যদিকে ১৯৭১ পরবর্তী নানা রাজনৈতিক-সামাজিক ঘটনায় সেই স্বাধীনতা বিপন্ন হওয়ার শঙ্কা। বিষয়গৌরবে আমাদের শিল্পকলার যে বিশিষ্টতা রয়েছে, ছবিগুলোতে রয়েছে তার প্রমাণ।

সংগ্রহের অনেক শিল্পীই বিমূর্তায়নকে, আরও নির্দিষ্ট করে বললে বিমূর্ত প্রকাশবাদকে তাঁদের পছন্দের আঙ্গিক ও বিষয় হিসেবে বেছে নিয়েছেন, তবে অবয়বের প্রতি আকর্ষণটিও অনেকের মধ্যে তীব্র। সার্বিকভাবে, নিরীক্ষাধর্মিতার প্রতি একটি প্রবল টান অনুভব করেছেন আমাদের শিল্পীরা। প্রবীণ-তরুণ অনেক শিল্পীই দেশের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক পরিমণ্ডলে নিজেদের স্থাপন করতে আগ্রহী। তবে যে প্রক্রিয়ায় আমাদের আধুনিক শিল্পকলা বর্তমানের অবস্থানে এসেছে, তার একদিকে ছিল নিরীক্ষাধর্মিতার প্রতি আগ্রহ, অন্যদিকে ঐতিহ্যের প্রতি আনুগত্য। ফলে ঐতিহ্যকে তাঁরা নতুন নতুন ভাবে পুনর্নির্মাণ করেছেন, এর সঙ্গে আধুনিকতার চমৎকার একটি মেলবন্ধন ঘটিয়েছেন। এজন্য আমাদের আধুনিক শিল্পকলা তার নিরীক্ষাগত চমৎকারিত্ব এবং আধুনিক নানা শৈলীগত সৌকর্য সত্ত্বেও একটি নিজস্ব ভূমির ওপর দাঁড়িয়ে। এ শিল্পকলা কখনো নিরালম্ব হয়নি, ঠিকানা হারায়নি। সবচেয়ে বিমূর্ত চিত্রকলাতেও তাই একটু খুঁটিয়ে দেখলে বাংলাদেশের প্রকৃতিকে খুঁজে পাওয়া যাবে।

ঐতিহ্যের সঙ্গে এই সংলাপে বাংলাদেশের শিল্পকলা সবসময় একটি অগ্রবর্তী অবস্থানে থেকে পশ্চিমা নানা শিল্পধারা এবং ব্যাখ্যা-বিশ্লেষণকে আত্মস্থ করেছে, এবং সমৃদ্ধ হয়েছে। সেই ১৯৬০-এর দশকে যখন বিমূর্ত প্রকাশবাদ গুরুত্ব পেতে থাকে, তখনও আমাদের শিল্পকলার প্রধান চিন্তাগুলি আমাদের সমাজকে ঘিরেই, জনজীবনকে ঘিরেই আবর্তিত হয়েছে।

এই সমাজঘনিষ্ঠতার পেছনে একটু ইতিহাস আছে। ১৯৪০-এর দশকে, ইংরেজ উপনিবেশী শাসনের জাঁতাকলে পিষ্ট দেশে অনেক বিপর্যয়ের সঙ্গে একটি মানুষ-সৃষ্ট দুর্ভিক্ষও যুক্ত হয়েছিল। এই দুর্ভিক্ষে অসংখ্য মানুষ প্রাণ হারিয়েছিল; বাস্তুচ্যুত হয়েছিল আরও অসংখ্য মানুষ। দুর্ভিক্ষ, সাম্প্রদায়িক দাঙ্গা ও অন্যান্য ঘটনা একটা দীর্ঘ ছায়া ফেলেছিল ওই দশকের ওপর। জয়নুল আবেদিন ১৯৪৩-এর মন্বন্তরকে উপজীব্য করে তখন অনেকগুলি স্কেচ আঁকেন। সেগুলো ভারতজুড়ে একটা সাড়া ফেলে দেয়। এসব স্কেচে জয়নুলের স্বচ্ছ জীবনদৃষ্টি এবং মানবতার প্রতি দায়বদ্ধতা প্রকাশ পেয়েছিল। তাঁর অন্যান্য কাজেও বাঙালি জীবনের রূপায়ণে তিনি এই নিষ্ঠা এবং একাগ্রতা বজায় রেখেছেন। জয়নুল বিষয় ও আঙ্গিকের খোঁজে লোকশিল্পের কল্পনা ও নান্দনিকতার কাছে ফিরে গেছেন, এর নানা ফর্মকে নিজের করে নিয়েছেন। তাঁর এই স্বদেশ ও ঐতিহ্যযাত্রায় সামিল হয়েছেন পশ্চিমবঙ্গ থেকে ঢাকায় পাড়ি দেওয়া তাঁর কয়েক শিল্প সহযাত্রী–কামরুল হাসান, সফিউদ্দিন আহমেদ, আনোয়ারুল হক প্রমুখ। ১৯৪৮ সালে এঁদের সহযোগিতায় জয়নুল ঢাকায় যে আর্ট ইনস্টিটিউট স্থাপন করলেন, তা বাংলাদেশে একটি নতুন শিল্প আন্দোলনের সূচনা করল। বলতে গেলে, এখান থেকেই, একেবারে গোড়া থেকেই যেন আমরা যাত্রা শুরু করলাম। প্রায় শূন্য থেকে যে এতদূর পৌঁছাল আমাদের আধুনিক শিল্পকলা, একে বৈপ্লবিকই তো বলতে হয়।

এরপর পঞ্চাশ ও ষাটের দশক জুড়ে চলতে থাকে এক বিরাট কর্মযজ্ঞ। সম্মুখসারির অনেক শিল্পী ইউরোপে এবং জাপানে শিল্পশিক্ষার জন্য গেলেন, এবং ফিরে এলেন পশ্চিমা শিল্পকলা সম্বন্ধে সম্যক জ্ঞান নিয়ে। ঘনকবাদ ও বিমূর্ত প্রকাশবাদ সম্বন্ধেও তাঁরা হাতেকলমে পাঠ নিলেন। তাঁরা ফিরে এসে যে শিল্পচর্চায় সামিল হলেন, তাতে এই নতুন জ্ঞান ও দৃষ্টিভঙ্গির প্রকাশ ঘটতে থাকল। ফর্ম ও আকারের জ্যামিতির দিকে শিল্পীদের দৃষ্টি গেল। রং নিয়ে নিরীক্ষা এবং পরিসর বা স্পেস নিয়ে নতুন চিন্তা শুরু হল। বিমূর্তায়ন এক নতুন উত্তেজনার সৃষ্টি করল।

তবে বিমূর্তায়ন যখন গুরুত্ব পাচ্ছে, লোকজ কল্পনা ও ফর্মের উপস্থিতিও তখন সমান সক্রিয়। জয়নুল, সুলতান ও কামরুলের ছবিতে শুধু নয়, পশ্চিমা শিল্পচিন্তা যাঁদের প্রভাবিত করেছিল, তাঁদের কাজেও হঠাৎ হঠাৎ এগুলোর উদ্ভাস এই বিষয়টিকেও স্পষ্ট করে তুলল।

পশ্চিমা শিল্পশিক্ষায় দীক্ষিত দ্বিতীয় প্রজন্মের শিল্পীরা অবশ্য প্রধানত নিজস্ব ব্যাখ্যায় ও বিশ্লেষণে বিমূর্ত প্রকাশবাদকেই উপস্থাপিত করতে আগ্রহী হলেন। এঁরা পশ্চিমা অর্থে আধুনিকতাকে ব্যাখ্যা করতে উৎসাহী হলেন। কিবরিয়া, আমিনুল, হামিদুর রাহমান, মুর্তজা বশীর, রশীদ চৌধুরী অথবা আবদুর রাজ্জাকের ছবিতে তাই আধুনিকতার নিরীক্ষাধর্মী, বস্তুনিষ্ঠ রূপটিই প্রধান হল।

১৯৭১ সালে একটি সফল মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা প্রাপ্তি আমাদের সৃষ্টিশীলতায় এক বিশাল প্রভাব ফেলে। এই যুগান্তকারী ঘটনা–যাতে ভয়াবহতার সঙ্গে বীরত্বের এক অদ্ভুত ভারসাম্য ছিল–আমাদের শিল্পকলায় একটি অবধারিত উপস্থিতি হয়ে দাঁড়ায়। তবে প্রত্যক্ষ রূপায়ণের পাশাপাশি ১৯৭১-এর ঘটনাবলি একটি প্রতীকী মাত্রাতেও সন্নিবেশিত হয়। প্রত্যক্ষ অথবা প্রতীকী যে ভাবেই ওই ঘটনাবহুল বছরটিকে শিল্পীরা প্রকাশ করে থাকেন না কেন, দেখা গেল অবয়বের একটি পুনরুত্থান ঘটছে। আধা-বিমূর্ত ও আধা-অবয়বধর্মী ছবির পাশাপাশি অবয়বপ্রধান ছবিরও আত্মপ্রকাশ ঘটেছে। ভাস্কর্যের ক্ষেত্রেও একটা বিপ্লব ঘটে গেল। মুক্তিযুদ্ধকেন্দ্রিক ভাস্কর্যের পাশাপাশি ক্ষুদ্র পরিসরেও অনেক ভাস্কর্য তৈরি হল।

সত্তরের দশকে যেসব শিল্পী সক্রিয় ছিলেন, তাঁদের অনেকে এর আগেই, ষাটের বা পঞ্চাশের দশকেই আত্মপ্রকাশ করেছেন। তবে তাঁরা সবাই তাঁদের কাজে নতুন যুগের নতুন বাস্তবতার প্রতিফলন ঘটাতে সচেষ্ট হলেন। যাঁরা বিমূর্তায়নে আগ্রহী ছিলেন, তাঁরা সময়ের নানা বৈপরীত্য এবং বাস্তবের নানা দ্বন্দ্বসংঘাত তাঁদের ছবিতে ফুটিয়ে তুলতে সচেষ্ট হলেন। যাঁরা বাস্তবের দাবিগুলোকে একটি অন্তর্নিহিত রোমান্টিক চিন্তার সঙ্গে মিলিয়ে প্রকাশ করতে চাইছিলেন, তাঁরা প্রকৃতি ও লোকজ শিল্পের কৃৎকৌশল এবং অবয়বধর্মিতাকে তাঁদের কাজে নিয়ে এলেন। মাধ্যমগত একটি বৈচিত্র্যও এ সময়ের কাজে পরিলক্ষিত হল। ভাস্কর্যের কথা আগেই বলা হয়েছে–ছাপাই ছবি নিয়েও নতুন এক উৎসাহ তৈরি হল। এ সময়ের সক্রিয় শিল্পীদের মধ্যে ছিলেন কাইয়ুম চৌধুরী, নিতুন কুণ্ডু, আবু তাহের, সমরজিৎ রায় চৌধুরী, হাশেম খান, রফিকুন নবী, মনিরুল ইসলাম, মাহমুদুল হক, কালিদাস কর্মকার, শহীদ কবির, আবদুস শাকুর, চন্দ্রশেখর দে, হাসি চক্রবর্তী, মনসুর উল করিম, কাজী গিয়াসউদ্দিন, বীরেন সোম, কে এম এ কাইয়ুম, শাহাবুদ্দীন আহমেদ, নাজলী লায়লা মনসুর, অলক রায় প্রমুখ।

সত্তর ও আশির দশক ছিল শিল্পশিক্ষার বিস্তার এবং চিত্র গ্যালারির আত্মপ্রকাশের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ সময়ও। শিল্পপ্রদর্শনীর সংখ্যাও বাড়ল। ১৯৮৬ সালে ঢাকাতে প্রথম এশীয় দ্বিবার্ষিক চিত্রপ্রদর্শনীর সূত্রপাত হল। এ পর্যন্ত এ প্রদর্শনীটি রাজনৈতিক, সামাজিক ও অন্যান্য টানাপোড়েন সত্ত্বেও নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। বিভিন্ন দেশের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের মাধ্যমে চিত্রপ্রদর্শনীরও আয়োজন করা হয়। ফলে শিল্পীদের মধ্যে আন্তর্জাতিক পরিমণ্ডলে একটি জায়গা করে নেওয়ার উৎসাহও তৈরি হল। এশীয় দ্বিবার্ষিকে যে স্থাপনাশিল্পের প্রদর্শনী হয়, তা দেখে আমাদের তরুণ শিল্পীরাও উদ্বুদ্ধ হন। শীঘ্রই তাদের হাতে চমৎকার কিছু স্থাপনা শিল্প তৈরি হয়। বলা যায়, খুব দ্রুত এই নতুন মাধ্যমে তারা পারঙ্গমতা অর্জন করেন।

অধ্যয়ন করেছেন কলকাতা গভর্নমেন্ট আর্ট স্কুল, ১৯৩৬-১৯৪২ এবং শিক্ষক প্রশিক্ষণ কোর্স করেন, ১৯৪৪-১৯৪৬। কলকাতা গভর্নমেন্ট আর্ট স্কুলে তিনি লিথোগ্রাফ শেখাতেন ১৯৪৬-৪৭ সালে। চারুকলা শিক্ষার প্রথম ইনস্টিটিউশন প্রতিষ্ঠায় শিল্পাচার্য জয়নুল ও পটুয়া কামরুল হাসানের অন্যতম সঙ্গী এবং প্রথম থেকেই ছাপচিত্র বিভাগের দায়িত্বে ছিলেন। উচ্চ শিক্ষার্থে ১৯৫৬ সালে ইংল্যান্ডে গমন করেন। ১৯৭৯ সালে অবসর গ্রহণের পূর্ব পর্যন্ত শিক্ষকতা করেছেন চারুকলা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়ে। তাঁর অর্জিত সম্মাননাগুলোর মধ্যে অন্যতম রাষ্ট্রপতি স্বর্ণপদক, একাডেমী অব ফাইন আর্টস, কলকাতা ১৯৪৫, পাটনার দ্বারভাংগা মহারাজা স্বর্ণপদক ১৯৪৭, পাকিস্তানের রাষ্ট্রপতি স্বর্ণপদক ১৯৬৩, একুশে পদক ১৯৭৮, বাংলাদেশ চারুশিল্পী সংসদ সম্মাননা ১৯৮৪, স্বাধীনতা পদক ১৯৯৬ এবং শিল্পকলা একাডেমী বিশেষ সম্মাননা ১৯৯৮।

SHAFIUDDIN AHMED 1922-2012

Shafiuddin studied at the Kolkata Government Art School during 1936-42, and also completed his teacher's training course there during 1944-46. He taught lithography at the Government school of Arts in Kolkata during 1946-47. In Kolkata during the pre-partition days he had done both painting and wood engraving. Later, in 1956 he went to England and took further training in etching. He taught in the Institute of Fine Arts until his retirement in 1979. Shafiuddin received the President's Gold Medal from the Academy of Fine Arts, Kolkata 1945, the Darbhanga Maharaja's Gold Medal from the Shilpakala Parishad, Patna, India in 1947, the President's Medal for Pride of Performance in Fine Arts in Pakistan in 1963, The Ekushey Padak 1978, The Bangladesh Charushilpi Sangsad Honour 1984 and the Independence Day Award 1996. To mark the 50th anniversary of fine art in the country, Bangladesh Shilpakala Academy conferred a special award on Shafiuddin Ahmed in 1998.

মোহাম্মদ কিবরিয়া ১৯২৩-২০১১

চিত্রকলার প্রশিক্ষণ কলকাতা আর্ট কলেজে ১৯৫০ এবং টোকিও বিশ্ববিদ্যালয়ে পেইন্টিং ও গ্রাফিক্স বিষয়ে ১৯৫৯ থেকে ১৯৬২ সাল পর্যন্ত। জাতীয় চিত্রকলা প্রদর্শনীতে পরপর দু'বার প্রথম স্থান অধিকার করেন ১৯৫৭ ও ১৯৫৮ সালে। পাকিস্তান আমলে প্রেসিডেন্ট'স মেডেল ফর প্রাইড অব পারফরমেন্স ইন পেইন্টিং পুরস্কার ১৯৬৯ অর্জন। জাপানের প্রথম এশিয়ান নবীন শিল্পী প্রদর্শনীতে কিবরিয়ার চিত্র বিপুলভাবে প্রশংসিত হয়। তিনি জাপান সরকারের গুরুত্বপূর্ণ পদক স্টার্লস্ অ্যাওয়ার্ড ১৯৫৯ ও সমগ্র জাপান ছাপচিত্র প্রদর্শনী পুরস্কার ১৯৬০ লাভ করেন। চারুকলায় অবদানের জন্য একুশে পদক ১৯৮৩, স্বাধীনতা পদক ১৯৯৯ লাভ। জাপানের পররাষ্ট্র মন্ত্রণালয় ২০০২ সালে তাঁর চিত্রশিল্পের অবদানের জন্য বিশেষ সম্মাননা প্রদান করে। তিনি ১২তম কুয়েত দ্বিবার্ষিক প্রদর্শনীতে আন্তর্জাতিক জুরি বোর্ডের সদস্য ছিলেন। দীর্ঘ ৪৫ বছর শিক্ষকতা করেন চারুকলা ইনস্টিটিউটে। শিল্পী মোহাম্মদ কিবরিয়াকে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের প্রফেসর এমেরিটাস পদে নিয়োগ দেওয়া হয় ২০০৮ সালে।

MOHAMMAD KIBRIA 1929-2011

Graduated from the college of Arts and Crafts in Kolkata, 1950 and later studied painting and graphics at Tokyo University of Fine Arts during 1959-62. His success was initiated by receiving the first prize in painting in the National Art Exhibitions of Pakistan during 1957-1958. He received the President's Medal for Pride of Performance in Painting in 1969 from Pakistan. His brilliant performance in Japan got him the Starles Award at the first Young Asian Artists Exhibition in Tokyo in1959 and an award in the All Japan Print Exhibition in 1960. At home he received the Silver Jubilee Award of the Bangladesh College of Arts and Crafts in 1973, the Ekushey Padak 1983, the Bangladesh Charushilpi Sangsad Honour 1985 and the Swadhinata Padak 1999. To mark the 50th anniversary of fine art in the country, Bangladesh Shilpakala Academy conferred a special award on Mohammad Kibria in 1998. Kibria was a member of the international jury board in the 12th Kuwait Biennial Exhibition. He received the Japanese Foreign Minister's Honour award in 2002. After 45 years of teaching Kibria was made Professor Emeritus of the Faculty of Fine Arts, University of Dhaka in 2008.

আমিনুল ইসলাম ১৯৩১-২০১১

অধ্যয়ন করেছেন গভর্নমেন্ট আর্ট কলেজ, ঢাকা, ১৯৫৩ ও ১৯৫৬ সালে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ ইতালির ফ্লোরেন্সে। এই সময় ইউরোপের বড় বড় শহরগুলোতে তাঁর প্রদর্শনী হয়। তেলরঙ ও মিশ্র মাধ্যম, ড্রইং-এ তিনি পারদর্শী। পুরস্কার পেয়েছেন শিল্পকলা একাডেমী ১৯৭৬; শিল্পকলায় অবদানের জন্য একুশে পদক ১৯৮১, স্বাধীনতা পদক ১৯৮৪। দীর্ঘ ২৮ বছর শিক্ষকতা করেছেন ইনস্টিটিউট অব ফাইন আর্টস, ঢাকা। অবসর গ্রহণ করেন এর অধ্যক্ষ হিসেবে। দেয়ালচিত্র বা ম্যুরাল তৈরিতে খ্যাতিমান শিল্পী। বাংলাদেশ ব্যাংক, জনতা ব্যাংক লিমিটেড, ওসমানী হলসহ অনেক প্রতিষ্ঠানে তিনি ম্যুরাল তৈরি করেছেন।

AMINUL ISLAM 1931-2011

Graduated in Fine Arts from the Government Arts College, Dhaka, 1953; Higher studies at the Academy of Fine Arts, Florence during 1953-56. He taught at the Institute of Fine Arts for 28 years and retired as Principal. Received international recognition and awards like the 1st Prize at the Dhaka Art Group Show 1952, Honourable Mention Award 1957, Shilpakala Academy Award 1976, Ekushey Padak 1981; Swadhinata Padak 1988, Bangladesh Charushilpi Sangsad Honour 1985. Aminul Islam is the creator of beautiful Murals on the walls of some important institution and places, such as Bangladesh Bank, Janata Bank Limited, Osmani Hall etc.

আবদুর রাজ্জাক ১৯৩২-২০০৫

অধ্যয়ন করেছেন ঢাকা গভর্নমেন্ট আর্ট কলেজে ১৯৫৪ ও যুক্তরাষ্ট্রে ইউনিভার্সিটি অব আইওয়া-এ ১৯৫৫ থেকে ১৯৫৬ সাল পর্যন্ত। চাকরি করেছেন ঢাকা ম্যালেরিয়া গবেষণা ইনস্টিটিউট এর আবাসিক শিল্পী ও জাদুঘর কিউরেটর পদে ১৯৫৪ থেকে ১৯৫৫ সাল পর্যন্ত। চারুকলা ইনস্টিটিউট, ঢাকাতে শিক্ষকতা করেছেন ১৯৫৮ থেকে ২০০১ সাল পর্যন্ত এবং সুপারনিউমারারি অধ্যাপক হন ২০০৫ সালে। পুরস্কৃত: একুশে পদক ১৯৮৯। কমিশন/ম্যুরাল/ভাস্কর্য: ১৯৭২ সালে করেছেন 'মুক্তিযোদ্ধা' ৪২ ফুট উঁচু ভাস্কর্য, জয়দেবপুর চৌরাস্তা কেন্দ্র, বাংলাদেশ সেনাবাহিনী; ১৯৯৬ সালে তৈরি করেছেন ২১৬ বর্গফুট আকারের কাঠ ও ধাতুর মিশ্র মাধ্যমে ম্যুরাল, বাংলাদেশ ব্যাংক, রাজশাহী।

ABDUR RAZZAQUE 1932-2005

Studied at Government College of Fine Arts, Dhaka during 1949-1954. The State University of Iowa, Iowa City, USA during 1955-56. Served as an Artist-cum-Museum Curator, Malaria Research Institute, Dhaka during 1954-55. He was in teaching at the Institute of Fine Arts, Dhaka during 1958-2001 and was appointed Supernumerary Professor in 2005. Honoured with Ekushy Padak 1989. Important Commissions/ Murals/ Sculptures: A 42 ft. war memorial sculpture, 'Freedom Fighter', for Bangladesh Army in Joydebpur, Dhaka 1972; A 216 sq. ft. mural mixed media (wood and metal) for Bangladesh Bank, Rajshahi, 1996.

মুর্তজা বশীর ১৯৩২

১৯৫৪ সালে গভর্নমেন্ট আর্ট কলেজ, পূর্ব পাকিস্তান হতে স্নাতক ডিগ্রি লাভ করেন। চিত্রকলায় উচ্চতর শিক্ষা ও প্রশিক্ষণের জন্য ফ্লোরেন্স, ইতালি গমন করেন এবং ১৯৫৬ থেকে ১৯৫৭ সাল পর্যন্ত ফ্রেসকো বিষয়ে অধ্যয়ন করেন ফ্লোরেন্সের একাডেমিয়া ডি ব্যালে আর্টে, মোজাইক শেখেন প্যারিসের ইকোল ন্যাশনাল সুপিরিয়র দ্যু-ব্যুয়ে আর্টসে এবং ১৯৭২ থেকে ১৯৭৩ সাল পর্যন্ত ছাপচিত্র বিষয়ে শেখেন একাডেমিয়া গয়েটজে। বাংলাদেশ চিত্রশিল্পীদের অন্যতম মুর্তজা বশীর ১৯৭৩ সালে ফ্রান্সে চিত্রকর্ম উৎসবে প্রিক্স ন্যাশনাল পুরস্কারে ভূষিত হন। ১৯৮০ সালে চারুকলায় অবদানের জন্য একুশে পদক অর্জন করেন। দীর্ঘ ২৫ বছর (১৯৭৩-১৯৯৮) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগে অধ্যাপনা করেন। চিত্রশিল্পী ছাড়াও তিনি একাধারে লেখক, ধারাভাষ্যকার, ভ্রমণ থেকে চলচ্চিত্র নির্দেশনা ও অভিনয়সহ বহুমুখি প্রতিভার অধিকারী। তিনি ধাতব মুদ্রার বিষয়ে গবেষণা করেছেন এবং পুস্তক প্রকাশিত হয়েছে।

MURTAJA BASEER 1932

Studied at the Government Art Institute Dhaka, East Pakistan, 1954. Baseer moved to Florence for higher study in painting. He studied fresco at the Academia di Belle Art in Florence during 1956-57, mosaic at the Ecole National Superior des Beaux Arts in Paris and aquatint at Academic Goetz in Paris during 1972-73. As a leading figure in Bangladesh art, Murtaja Baseer received the Prix National at the Festival of Painting, Cagnes-sur-Mer, France, 1973. Won Bangladesh Shilpakala Academy Award in the 1st National Art Exhibition 1975, Ekushey Padak 1980. He was a nominator for the Fukuoka Cultural Prize Committee in Japan from 1992 to 2004. He taught in the Department of Fine Arts at the University of Chittagong from 1973 to 1998. His erudition and versatility not only withstanding, Baseer is best known for his paintings. A writer and commentator, his interests range from travelling to film directing and acting. He has authored five books and has assisted in the direction and screenplay of three films. Baseer lives and works in Dhaka.

কাইয়ুম চৌধুরী ১৯৩২

অধ্যয়ন গভর্নমেন্ট আর্ট কলেজ, পূর্ব পাকিস্তান, ১৯৫৪। প্রথিতযশা এই শিল্পী একাধারে চিত্রাঙ্কন, পুস্তকের বই নকশা ও প্রচ্ছদ শিল্পী হিসেবে সমাদৃত ও ব্যাপকভাবে পরিচিত। চিত্রকলায় অবদানের জন্য একুশে পদক ১৯৮৬ লাভ করেন। কাজের মাধ্যম: তেলরঙ, অ্যাক্রেলিক, জলরঙ, কালি-কলম। দীর্ঘ ৩৭ বছর গভর্নমেন্ট ইনস্টিটিউট অব ফাইন আর্টস্-এ শিক্ষকতা করে অধ্যাপক হিসেবে অবসর গ্রহণ করেন ১৯৯৭ সালে। কাইয়ুম চৌধুরীর নকশা, হস্তলিপি এককথায় গ্রাফিক্স ডিজাইন- সৃষ্টিশীলতা ও নান্দনিকতার জন্য সমাজের রুচি বদলে দিয়েছে। তাঁর চিত্রকর্মে নিজস্ব শৈলী আবিষ্কার এবং নান্দনিক প্রয়োগ তাঁর চিত্রকলাকে নতুন মাত্রা দিয়েছে। বর্তমানে প্রচ্ছদ অঙ্কন, গ্রাফিক্স ডিজাইন, ছবি আঁকা বিষয়ে ফ্রিল্যান্স শিল্পী হিসেবে ঢাকায় কর্মরত। কবিতা লেখেন। শিশুদের জন্য ছড়াও লেখেন।

QAYYUM CHOWDHURY 1932

Studied in the Government Institute of Arts, 1954. He is famous, gained personality and also familiar for creating new style in book cover design and other graphics. Won Sultan Padak 1999; 6th Bangabandhu Award 1994; Ekushey Padak 1986; Shilpakala Academy Award 1977; Gold Medal from National Book Centre, Dhaka, 1975; Court Prize, Tehran Biennial 1966; 1st Prize for Painting, National Art Exhibition, Lahore, Pakistan, 1961; 1st Prize, Best Book Cover Design, National Book Centre, 1988, 1982, 1981, 1979, 1978, 1975, 1970, 1966, 1964, 1963; Qayyum held the Position of a Professor at the Government Institute of Fine Arts, Bangladesh for 37 years and retired in 1997. Presently he is a Freelance artist and graphic designer working in Dhaka.

রশীদ চৌধুরী ১৯৩২-১৯৮৬

প্রাতিষ্ঠানিক শিক্ষা গ্রহণ করেন গভর্নমেন্ট আর্ট কলেজ, ঢাকা থেকে। অতঃপর আশুতোষ জাদুঘর, কলকাতা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেন। ১৯৫৬ থেকে ১৯৫৭ সালের মধ্যে স্পেনের মাদ্রিদ থেকে ভাস্কর্যের ওপর স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন এবং ১৯৬০ থেকে ১৯৬৪ সাল পর্যন্ত প্যারিসে ফ্রেস্কো ও ট্যাপেস্ট্রি বিষয়ে পড়াশুনা করেন। উল্লেখযোগ্য পুরস্কার ও সম্মাননা: ফ্রেস্কো পেইন্টিংয়ে শ্রেষ্ঠ পুরস্কার, ইকোল ন্যাশনাল সুপিরিয়র দ্যু-ব্যুয়ে আর্টস, প্যারিস, ১৯৬১; আরসিডি দ্বি-বার্ষিক চিত্র প্রদর্শনী, তেহরান, ইরান, প্রথম পুরস্কার ১৯৬৭; একুশে পদক ১৯৭৭; বাংলাদেশ শিল্পকলা একাডেমী সম্মাননা ১৯৮০; জয়নুল পদক ১৯৮৬। গভর্নমেন্ট ইনস্টিটিউট অফ আর্টস এন্ড ক্রাফট্স, ঢাকা-এ শিক্ষকতা করেছেন ১৯৫৮ থেকে ১৯৬০ পর্যন্ত। বাংলাদেশের প্রথম ট্যাপেস্ট্রি (বুনন) কারখানার প্রতিষ্ঠাতা তিনি। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে শিল্পকলা বিষয়ে অধ্যাপনা করেন ১৯৬৪ সালে। ১৯৬৫ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগে যোগ দেন এবং সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতা করেন ১৯৭০ সাল পর্যন্ত। ১৯৭২ সালে চাকরিতে ইস্তফা দিয়ে ১৯৮১ সালে ঢাকার মিরপুরে বুনন কারখানা স্থাপন করেন।

RASHID CHOUDHURY 1932-1986

Rashid Choudhury completed a five years course from the Govt. Institute of Arts and Crafts in Dhaka and Teachers' Training Certificate Course in Art Appreciation at Ashutosh Museum, University of Kolkata, India. He did his post graduation in Sculpture at Madrid, Spain during 1956-57, Fresco and Tapestry at Paris, France during 1960-64. His awards include: First Prize in Fresco Painting from Ecole National Superior des Beaux Arts, Paris, France in 1961; 1st Prize in RCD Biennial Tehran, Iran in 1967; Ekushey Padak 1977; Bangladesh Shilpakala Academy Award in 1980; Zainul Award by Bangladesh Charushilpi Sangshad, Dhaka in 1986. He taught at the Government Institute of Arts and Crafts, Dhaka during 1958-60. He was founder of the very first single loom tapestry factory in Bangladesh. He worked as a Lecturer on temporary basis at the University of Engineering and Technology in 1964 and at the College of Arts and Crafts in 1965. He became Assistant Professor at the Department of Fine Arts, Chittagong University in 1969 and Associate Professor and Chairman in 1970. He founded Kalabhaban, a private sector initiative which later became the Chittagong Centre of Bangladesh Shilpakala Academy in 1972. He resigned from Chittagong University in 1972 and founded a tapestry factory at Mirpur, Dhaka in 1981.

দেবদাস চক্রবর্তী ১৯৩৩-২০০৮

কলকাতার গভর্নমেন্ট আর্ট কলেজে অধ্যয়ন করেন ১৯৪৮ থেকে ১৯৪৯ সাল পর্যন্ত। স্নাতক ডিগ্রি লাভ করেন গভর্নমেন্ট ইনস্টিটিউট অব আর্টস এন্ড ক্রাফট্স, ঢাকা, ১৯৫৬। উচ্চ শিক্ষার্থে অবস্থান করেন পোল্যান্ডের রাজধানী ওয়ারশ-এ ১৯৭৮ থেকে ১৯৭৯ সাল পর্যন্ত। উল্লেখযোগ্য পুরস্কারের মধ্যে আন্তর্জাতিক চারুকলা কর্মশালায় প্রথম পুরস্কার ওয়ারশ, পোল্যান্ড ১৯৭৮। একুশে পদক ১৯৯০, চারুশিল্পী সংসদ সম্মাননা ১৯৯০। শিক্ষকতা করেছেন চারুকলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৯৭০ থেকে ১৯৮০ সাল পর্যন্ত।

DEBDAS CHAKRABORTY 1933-2008

Studied painting at Government Art College, Kolkata during 1948-49. Graduated in Fine Arts from the Government Institute of Arts and Crafts, Dhaka in 1956. He went to Warsaw, Poland for higher studies, 1978-79. His awards include 1st Prize in Painting at the International Art Workshop in Warsaw, Poland 1978; Ekushey Padak 1990 and Charushilpi Sangsad Honour 1990. He taught at the Department of Fine Arts, Chittagong University during 1970-80.

কাজী আবদুল বাসেত ১৯৩৫-২০০২

অধ্যয়ন করেছেন পূর্ব পাকিস্তান গভর্নমেন্ট আর্ট কলেজ, ১৯৫৬। উচ্চতর প্রশিক্ষণের জন্য যুক্তরাষ্ট্রে অবস্থান করেন ১৯৬৩ থেকে ১৯৬৪ সাল পর্যন্ত। অল পাকিস্তান বেস্ট এক্সিবিট অ্যাওয়ার্ড ১৯৫৫ ও ১৯৫৭ অর্জন। বাংলাদেশ শিল্পকলা একাডেমী আয়োজিত ৬ষ্ঠ জাতীয় চিত্রকলা প্রদর্শনী পুরস্কার ১৯৮২, অতীশ দীপংকর স্বর্ণপদক ১৯৮৭, চারুকলা সংসদ সম্মাননা ১৯৮৯। শিল্পকলায় অবদানের জন্য একুশে পদক ১৯৯১। কাজের মাধ্যম: তেলরঙ, জলরঙ, কালি কলম। দীর্ঘ তিন দশক চারুকলা ইনস্টিটিউটে শিক্ষকতা করেন।

KAZI ABDUL BASET 1935-2002

Graduated from the Government Art College, Dhaka in 1956. Baset went to USA for higher study during 1963-64. He had an impressionistic love for a transparent colour scheme and a direct involvement with nature. He won the All Pakistan Best Exhibit Award 1955 and 1957, the Bangladesh Shilpakala Academy Award in the 6th National Art Exhibition 1982, the Atish Dipankar Gold Medal 1987, Bangladesh Charushilpi Sangsad Honour1989 and the Ekushey Padak 1991. He taught at the Institute of Fine Arts, University of Dhaka, for more than three decades.

মুস্তাফা মনোয়ার ১৯৩৫

অধ্যয়ন করেছেন গভর্নমেন্ট কলেজ অব আর্টস, কলকাতা, ১৯৫৯। জাপান এনএইচকে ও যুক্তরাজ্যের বিবিসি থেকে শিক্ষামূলক অনুষ্ঠান পরিকল্পনা ও নির্মাণ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন, একাডেমী অব ফাইন আর্টস, কলকাতা সর্বভারতীয় চিত্র প্রদর্শনীতে ছাপচিত্রে স্বর্ণপদক লাভ করেন ১৯৫৭ সালে। বেঙ্গল স্টুডেন্টস আর্ট এক্সিবিশন, কলকাতা বিশ্ববিদ্যালয় জলরঙ ও তেলরঙে শ্রেষ্ঠ পুরস্কার ১৯৫৮ অর্জন। টেলিভিশন ড্রামা এবং ড্রামা আর্টিস্ট এবং রাইটার্স গিল্ড প্রদত্ত 'টেনাশিনাস পদক', ১৯৯০, চারুশিল্পী সংসদ পুরস্কার ১৯৯২, একুশে পদক ২০০৪ লাভ। পরিচালক, বাংলাদেশ টেলিভিশন, মহাপরিচালক, শিল্পকলা একাডেমী এবং জাতীয় মিডিয়া ইনস্টিটিউট হিসেবে দায়িত্ব পালন করেছেন। পুতুল দিয়ে অ্যানিমেশন ফিল্ম তৈরি করে খ্যাতি অর্জন করেছেন। টেলিভিশন ব্যক্তিত্ব হিসেবেও সর্বজন শ্রদ্ধেয়। বর্তমানে শিক্ষামূলক পাপেট ডেভেলপমেন্ট সেন্টারের প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত।

MUSTAFA MONOWAR 1935

Studied in Government College of Arts and Crafts, Kolkata, India, 1959. Trainings: Japan Broadcasting Training Institute, NHK TV Educational Programme, Planning and Production course; UK TV Production Technique, BBC London; Senior Management Course, NHK, Japan; Won Gold Medal for the best work in Graphic Arts in all India Painting Exhibition sponsored by Academy of Fine Arts, Kolkata, India, 1957. Two Gold Medals for the best work in both oil colour and water colour painting in All Bengal Student Arts Exhibition, Sponsored by Kolkata University, India, 1958; Bangladesh Charushilpi Sangsad 1992; Ekushey Padak 2004. Present Position: Chairman, Janobibhab Unnayan Kendro and Project Director, Educational Puppet Development Centre, Dhaka, Bangladesh.

নিতুন কুণ্ডু ১৯৩৫-২০০৬

অধ্যয়ন করেছেন পূর্ব পাকিস্তান কলেজ অব আর্টস এন্ড ক্রাফ্ট, ঢাকা, ১৯৫৯। দেশের অন্যতম আসবাবপত্র, মেডেল, ক্রেস্ট নির্মাণ প্রতিষ্ঠান অটবি এর প্রতিষ্ঠাতা। সংস্কৃতিতে অবদানের জন্য অর্জন করেন একুশে পদক ১৯৯৭। তাঁর অনবদ্য সৃষ্টি: তৎকালীন ঢাকা ইন্টারকন্টিনেন্টাল হোটেলে পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স অফিসের অভ্যন্তরভাগ; মধুমিতা সিনেমা হলে ম্যুরাল; জনতা ব্যাংক লিমিটেডে তেলরঙ ম্যুরাল; । ঐতিহাসিক ইন্দিরা মঞ্চ, সোহরাওয়ার্দী উদ্যান, ১৯৭২; রাজশাহী বিশ্ববিদ্যালয়ে 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্য, ১৯৯২; সার্ক ফোয়ারা, ঢাকা, ১৯৯৩ ও 'সাম্পান' ভাস্কর্য বিমান বন্দর, চট্টগ্রাম, ২০০১। তিনি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের পোস্টারও এঁকেছেন।

NITUN KUNDU 1935-2006

Obtained his Bachelor of Fine Arts from College of Arts and Crafts, Dhaka. Notable among his awards are Ekushey Padak 1997, Bangladesh Business Award 2001, Entrepreneur of the Year. His Major Commissions works are Pakistan International Airlines office at Hotel Intercontinental, Dhaka, Madhumita Cinema Hall Parlour (Wood and Metal); Design of posters on Liberation War 1971; Design and erection of the historic Indira Mancha at Suhrawardy Uddyan 1972 ; Design and erection of Sabash Bangladesh at Rajshahi University 1992; Design and erection of SAARC Fountain, Dhaka 1993; Design and erection of Shampan at Chittagong Airport 2001.

সৈয়দ জাহাঙ্গীর ১৯৩৫

পূর্ব পাকিস্তান গভর্নমেন্ট আর্ট কলেজ, ঢাকা থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন ১৯৫৫ সালে। ১৯৭৭ সালে তিনি বাংলাদেশ শিল্পকলা একাডেমীর চারুকলা বিভাগের প্রধান হিসেবে যোগ দেন। দীর্ঘকাল বাংলাদেশ শিল্পকলা একাডেমীর চারুকলা বিভাগের প্রধান (পরিচালক) হিসেবে বাংলাদেশের শিল্পকলার চর্চাক্ষেত্র তৈরিতে ও প্রসারে বিশেষ ভূমিকা রেখেছেন। তার উল্লেখযোগ্য সম্মাননাগুলোর মধ্যে শশীভূষণ সম্মান পুরস্কার ২০০৫; সুলতান স্মৃতি স্বর্ণপদক ২০০৫; বাংলাদেশ চারুশিল্পী সংসদ সম্মাননা এবং একুশে পদকে ভূষিত হয়েছেন ১৯৮৫ সালে। বর্তমানে শিল্পকলা একাডেমী থেকে অবসর নিয়ে নিজের শিল্পকলা সৃষ্টিতেই ব্যস্ত থাকেন।

SYED JAHANGIR 1935

Graduated from the Government Art Institute in 1955. Joined the Bangladesh Shilpakala Academy as head of the Department of Fine Arts in 1977. As a prolific painter, Jahangir has exhibited and travelled widely. Notable among his awards are the Shashi Bhushan Honourable Award 2005; Ekushey Padak 1985 and the Honourable Mention Award in the 1st National Art Exhibition 1975. Jahangir retired from Shilpakala Academy and now fully devoted his creative canvasses to depict.

আবু তাহের ১৯৩৬

অধ্যয়ন করেছেন গভর্নমেন্ট আর্ট কলেজ, পূর্ব পাকিস্তান, ১৯৬৩। পুরস্কৃত হয়েছেন পাকিস্তান আর্ট কাউন্সিল পুরস্কার ১৯৬৫, বাংলাদেশ শিল্পকলা একাডেমী পুরস্কার ১৯৯০, একুশে পদক ১৯৯৪, অতীশ দীপংকর স্বর্ণপদক ২০০৭। তাহের সহকারী অধ্যাপক হিসেবে ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ হতে ১৯৯৭ সালে অবসরগ্রহণ করেন। ১৯৯৫ সালে তিনি ঢাকা আর্ট সার্কেলের প্রতিষ্ঠাতা সভাপতি নিযুক্ত হন। কাজের মাধ্যম: তেলরঙ, অ্যাক্রেলিক। বর্তমানে নিজের শিল্পকর্ম সৃষ্টিতেই নিবিষ্ট।

ABU TAHER 1936

Completed his Bachelor Degree from Institute of Fine Arts, Dhaka, 1963. Taher was awarded 'Honorable Mention' at the All Pakistan National Art Exhibition, Pakistan Arts Council in 1965 and at the 9th National Art Exhibition, Bangladesh Shilpakala Academy 1990, Ekushey Padak 1994, Atish Dipankar Gold Medal 2007. He retired as an Assistant Professor in 1997 from University Laboratory School. Founder President of Dhaka Art Circle which was established in 1995. Presently working as a Freelance Artist.

শামসুল ইসলাম নিজামী ১৯৩৭-২০০৪

গভর্নমেন্ট আর্ট কলেজ পূর্ব পাকিস্তান, ঢাকা থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন ১৯৫৪ সালে। কমনওয়েলথ বারসারি স্কিম স্টাইপেন্ড গ্রান্ট এর আওতায় ব্রাইটন কলেজ অব এডুকেশন-এ উচ্চতর শিল্প শিক্ষার সুযোগ পান। তিনি ব্রান্সলে কলেজ অব আর্টস এন্ড ক্রাফ্টস থেকে সিরামিকসে শিক্ষা গ্রহণ করেন ১৯৬৮ থেকে ১৯৬৯ সাল পর্যন্ত। শিক্ষকতা করেছেন চারুকলা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৭২ থেকে ২০০৪ সাল পর্যন্ত। নিজামী তেলরঙেই সাধারণত ছবি এঁকেছেন। অন্যান্য মিশ্র মাধ্যমেও কাজ করেছেন। তার বিখ্যাত শিল্পকর্মগুলোর মধ্যে মধুমিতা সিনেমা হল বিল্ডিং-এর কাজটিতে ধাতু, কাঠ, বাঁশ ইত্যাদির ব্যাপক সমন্বয় পরিলক্ষিত হয়। তিনি সিরামিক টাইলসেও বেশ কিছু কাজ করেছেন।

SHAMSUL ISLAM NIZAMI 1937-2004

Nizami was graduated from the Government Institute of Fine Arts, Dhaka in 1958. Went to Breitton College of Education for higher studies under the 'Commonwealth Bursary Scheme Stipend' Grant in Ceramics at the Barnsley College of Arts and Crafts, UK during 1968-69. Nizami 's media of works was oil and ceramic, profuse metallic structural sculptures, combining mechanical as well as organic inspirations. Some of his large construction paintings in scrap metals and found objects as well as with wood pieces and bamboo-blocks are remarkable such as in Modhumita Cinema Hall Building. He also did a lot of work in ceramic tiles. He taught in the Government Institute of Fine Arts at the University of Dhaka from 1972 to 2004.

সমরজিৎ রায় চৌধুরী ১৯৩৭

গভর্নমেন্ট আর্ট কলেজ থেকে গ্রাফিক ডিজাইন-এ স্নাতক ডিগ্রি লাভ করেন ১৯৬০ সালে। কাজের মাধ্যম: মিশ্র, তেলরঙ, অ্যাক্রেলিক, জলরঙ, কালি কলম। পাকিস্তান টেক্সটাইল ডিজাইন কমপিটিশন এবং পূর্ব পাকিস্তান রেলওয়ে টাইম টেবিল কভার ডিজাইনে এর প্রথম পুরস্কার ১৯৬০। দীর্ঘ ৪৩ বছর চারুকলা ইনস্টিটিউটে অধ্যাপনা করে অবসর গ্রহণ করেছেন ২০০৩। শান্ত মারিয়াম বিশ্ববিদ্যালয়ে ফাইন এন্ড পারফরমিং আর্টস অনুষদের ডীন পদে ২০০৩ সাল থেকে কর্মরত। ১৯৭২ সালে বাংলাদেশের ঐতিহাসিক গ্রন্থ বাংলাদেশের 'সংবিধান' এর নকশা প্রণয়ন কমিটির অন্যতম সদস্য।

SAMARJIT ROY CHOUDHURY 1937

Graduated in Graphic Design from Government Institute of Fine Arts, Dhaka in 1960. Won 1st Prize in the Pakistan Textile Design Competition and East Pakistan Railway Timetable Cover Design Prize in 1960. Taught at the Government Institute of Fine Arts for 43 years and retired as a Professor in 2003. Presently working as the Dean of Faculty of Fine and Performing Art, Shanto-Mariam University of Creative Technology, Dhaka, Bangladesh. He was one of the member of committee for designing the historic book The Constitution of Bangladesh in 1972.

হাশেম খান ১৯৪২

অধ্যয়ন করেছেন গভর্নমেন্ট ইনস্টিটিউট অব আর্টস, ঢাকা, ১৯৬১। রিসার্চ স্কলার হিসেবে সিরামিক বিষয়ে অধ্যয়ন ১৯৬৩ সালে। টোকিওর এসিসিইউ (ACCU) তে স্বল্পকালিন বই নকশা ও ইলাস্ট্রেশন বিষয়ে প্রশিক্ষণ ১৯৭৯। চিত্রকলায় অবদানের জন্য একুশে পদক ১৯৯২, স্বাধীনতা পুরস্কার ২০১১। দীর্ঘ ৪৪ বছর শিক্ষকতায় কর্মরত ছিলেন ইনস্টিটিউট অব ফাইন আর্টস ও চারুকলা অনুষদ ঢাকা বিশ্ববিদ্যালয়। কাজের মাধ্যম তেলরঙ, জলরঙ, অ্যাক্রেলিক, কালিকলম। বর্তমানে চিত্রশিল্পী হিসেবে কর্মরত। লেখালেখির জগতেও পরিচিত ব্যক্তিত্ব। প্রকাশিত বইয়ের সংখ্যা ১৬। বাংলাদেশে শিশু-চিত্রাঙ্কনের অন্যতম প্রতিষ্ঠাতা সংগঠক, বই-নকশা ও শিশু পুস্তক অঙ্কনে খ্যাতিমান চিত্রী। ১৬ বার জাতীয় গ্রন্থ কেন্দ্র থেকে পুরস্কার পেয়েছেন বই নকশা ও ছবি আঁকার জন্য। বাংলাদেশের সংবিধান গ্রন্থের প্রধান শিল্পী।

HASHEM KHAN 1942

Studied Fine Arts from the Government Institute of Arts, Dhaka, 1961; Research Scholar in Ceramics during 1961-63, took a short-term training on book-design and illustration from ACCU, Tokyo, Japan, 1979. He was awarded the Ekushey Padak in 1992, Swadhinata Padak in 2011 for contribution in the field of Arts and Culture. Taught at the Government Institute of Fine Arts and Faculty of Fine Arts, University of Dhaka for 44 years and retired as a Professor in 2007. He is one of the founder of child art activity in Bangladesh from 1958 and a famous illustrator for children books. Awarded 16 times for illustration and book-designs from National Book Centre of Bangladesh. He was the chief designer of the book The Constitution of Bangladesh.

রফিকুন নবী ১৯৪৩

রনবী নামে অধিক পরিচিত শিল্পী রফিকুন নবী তার চিত্রকর্ম, এচিং, প্রিন্ট, ড্রইং ছাড়াও ব্যঙ্গ রসাত্মক কার্টুনের জন্য বহুমাত্রিক খ্যাতি অর্জন করেছেন। তাঁর বিখ্যাত কার্টুন চরিত্রের নাম 'টোকাই'। টোকাই-তার সহজ সরল প্রশ্ন ও উত্তরে সমাজের, মানুষের ভাল দিক মন্দ দিক উন্মোচন করে। ১৯৬৪ সালে ইস্ট পাকিস্তান কলেজ অব আর্টস এন্ড ক্রাফ্টস থেকে স্নাতক করে গ্রীস সরকারের স্নাতকোত্তর স্কলারশিপে ১৯৭৩-৭৬ সাল পর্যন্ত এথেন্স স্কুল অব ফাইন আর্টস এ উচ্চতর শিক্ষা লাভ। তার অর্জিত অন্যান্য পুরস্কারের মধ্যে অন্যতম : প্রোমোটরস প্রাইজ ইন্টার গ্রাফিক্স-৮০, বার্লিন, ১৯৮০; চিত্রকলায় অবদানের জন্য ১৯৯৩ সালে একুশে পদক লাভ করেন। ১৯৬৮-৯০ সাল পর্যন্ত তিনি ১৩ বার জাতীয় গ্রন্থ কেন্দ্র আয়োজিত শিশুদের বই-এর প্রচ্ছদ আঁকার জন্য পুরস্কৃত হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের প্রথম ডীন। বর্তমানে ফ্রিল্যান্স শিল্পী হিসেবে ঢাকায় কর্মরত। লেখালেখির জগতেও বিচরণ করেন। উপন্যাস লিখেছেন। ভ্রমণের ওপরেও বই প্রকাশিত হয়েছে।

RAFIQUN NABI 1943

Better known as Ranabi. Studied at the College of Arts and Crafts, Dhaka in 1964 and at Athens School of Fine Arts under a Greece government post graduate scholarship during 1973-76. Gifted with an eye for details, Nabi is known not only for his paintings, engravings and drawings, but also for creating and witty cartoons. His most memorable cartoon character Tokai is a street urchin whose disarmingly simple questions prove extremely upsetting and highly popular for their social satire. His awards include Inter Graphic-80, Berlin, 1980, Bangladesh Shilpakala Academy Award in the 9th National Art Exhibition 1989, the Ekushey Padak 1993, Agrani Bank Award for Children's Book Design and S M Sultan Padak 2002. Nabi is 13 times recipient of the National Book Centre prize for Children's Book Cover Design during 1968 to 90. He was the first Dean of the Faculty of Fine Arts, University of Dhaka.

মনিরুল ইসলাম ১৯৪৩

শিল্পকলায় শিক্ষাগ্রহণ করেছেন ইস্ট পাকিস্তান কলেজ অব আর্টস, ১৯৬৭। উচ্চতর শিক্ষার জন্য স্পেন গমন করেন ১৯৬৯ সালে। প্রিন্টমেকার হিসেবে তিনি আন্তর্জাতিকভাবে খ্যাতি অর্জন করেছেন। বিশ্বের শিল্পমোদীদের কাছ থেকে তিনি অনেক সম্মান পেয়েছেন। ২০১০ সালে লাভ করেন দি অর্ডার অফ দ্যা কুইন ইসাবেলা যা স্পেনের জাতীয় সম্মাননা, শিল্পী হামিদুর রহমান পুরস্কার, স্কলার অব বাংলাদেশ পুরস্কার ২০০৭, শিল্পকলায় অবদানের জন্য একুশে পদক ১৯৯৯; ক্যান্সকোগ্রাফিয়া ন্যাশনাল, স্পেন ১৯৯৭, ১৯৯৩। কাজের মাধ্যম: ছাপচিত্র, অ্যাক্রেলিক, জলরঙ। বর্তমানে চিত্রশিল্পী হিসেবে ঢাকা এবং স্পেনে কর্মরত।

MONIRUL ISLAM 1943

Received his Bachelor Degree from Institute of Fine Arts in 1967. Monirul Islam is known as a printmaker, left for Spain in 1969 to pursue higher studies. Won the Order of the Queen Isabella 2010 which is National Scholars Award of Spain; Hamidur Rahman Award, Dhaka 2007; Ekushey Padak 1999. He taught at the Government College of Art and Crafts in Dhaka from 1968 to 1969. Present Position: Freelance Artist, Living and working in Spain and Bangladesh. Munir got lot of acclamations for his prints and drawings in the international art arena.

মাহমুদুল হক ১৯৪৫

অধ্যয়ন করেছেন ইস্ট পাকিস্তান কলেজ অব আর্টস এন্ড ক্রাফ্টস, ঢাকা, ১৯৬৮। ছাপচিত্র বিষয়ে গবেষণা ও চিত্ররচনা, ১৯৮১-৮২ এবং এমএফএ, ১৯৮৪, সুকুবা বিশ্ববিদ্যালয়, জাপান। পুরস্কৃত হয়েছেন শ্রেষ্ঠ চিত্রকর্ম, সুচিউরা সিটি, জাপান, ১৯৮২; ১০ম বাংলাদেশ শিল্পকলা একাডেমী পুরস্কার ১৯৯১; ১২তম কুয়েত আন্তর্জাতিক দ্বি-বার্ষিক প্রদর্শনী ১৯৯৬; এস এম সুলতান পদক ২০০৬। কাজ করেন মিশ্রমাধ্যম, গ্রাফিক্স, প্রিন্টমেকিং, অ্যাক্রেলিক। দীর্ঘকাল চারুকলা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিল্পকলা শিক্ষায় নিয়োজিত থেকে অধ্যাপক হিসেবে অবসর নিয়েছেন।

MAHMUDUL HAQUE 1945

Studied at the Government College of Arts and Crafts, Dhaka in 1968; Research on Printmaking in Tsukuba University, Japan during 1981-82; MFA in 1984, Tsukuba University, Japan. He was awarded the Best Painting Award, Tsuchiura City, Japan, 1982; 10th Bangladesh Shilpakala Academy Award 1992; 12th Kuwait International Biennial Kuwait, 1996; S M Sultan Padak 2006. He depicts his canvasses in oil, acrylic and mixed media. He worked for a long time as a Professor, Department of Printmaking, Faculty of Fine Arts, University of Dhaka, Bangladesh.

সৈয়দ আব্দুল্লাহ খালিদ ১৯৪৫

চারুকলা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন ১৯৭৪ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে। উল্লেখযোগ্য শিল্পকর্মগুলো হলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'অপরাজেয় বাংলা' ১৯৭৩-৭৯; 'আবহমান বাংলা', বাংলাদেশ টেলিভিশন ভবন, ১৯৭৪; 'ডলফিন' বাংলাদেশ নৌবাহিনী একাডেমী চট্টগ্রাম ১৯৯১; সমাজ সংস্কৃতি ঐতিহ্য নিয়ে বাংলাদেশ ব্যাংকে টেরাকোটা রিলিফ ১৯৯৫-৯৬। শ্রেষ্ঠ ভাস্কর্যে পুরস্কার বাংলাদেশ শিল্পকলা একাডেমী ১৯৮৩; শ্রেষ্ঠ ভাস্কর্যকে ডাকটিকিটের মাধ্যমে বাংলাদেশ সরকারের সম্মাননা ১৯৯০ ও ১৯৯১ সালে; অপরাজেয় বাংলা শিল্পকর্মকে বাংলাদেশ ব্যাংক রূপার স্মারক মুদ্রায় প্রকাশ করেছে ১৯৯৮ সালে। ফ্রিল্যান্স শিল্পী হিসেবে কর্মরত।

SYED ABDULLAH KHALID 1945

MFA, University of Chittagong in 1974. His works include distinctive commissions like the Monument on Liberation War of Bangladesh 'Aparajeyo Bangla', 1973-79, Dhaka University Campus; a 447 sqft. Mural 'Abahaman Bangla' at Bangladesh Television Center, 1974; 'Dolphin'- sculpture for the Bangladesh Naval Academy, Chittagong, 1991 and a terracotta relief on socio-cultural heritage at the Head Office of Bangladesh Bank, 1995-96. Awarded 1st prize in the Second National Sculpture Exhibition at Bangladesh Shilpakala Academy in 1983. Abdullah Khalid has been honoured by the State through issuance of Commemorative Stamp in 1990 and Silver Coin in 1998 on his most notable work, the 'Aparajeyo Bangla'. Presently working as a Freelance Artist.

হামিদুজ্জামান খান ১৯৪৬

বরোদা, ভারতের এম এস বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর, ১৯৭৬। বাংলাদেশ কলেজ অফ আর্টস এন্ড ক্রাফটস থেকে স্নাতক, ১৯৭৭। ভাস্কর্যকলায় উচ্চ শিক্ষা লাভ করেন নিউইয়র্কের স্কাল্পচার সেন্টার হতে ১৯৮২ থেকে ১৯৮৩ পর্যন্ত। বাংলাদেশ শিল্পকলা একাডেমীতে জীবন ভিত্তিক ভাস্কর্য প্রদর্শনীতে শ্রেষ্ঠ পুরস্কার ১৯৭৬ লাভ। ২০০৮ সালে ভাস্কর্যকলায় বিশেষ অবদানের জন্য একুশে পদকে ভূষিত হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে চারুকলা অনুষদের ভাস্কর্য বিভাগের বিভাগীয় প্রধান ও অধ্যাপক ছিলেন।

HAMIDUZZAMAN KHAN 1946

MFA, M S University of Baroda, India, 1976; BFA, Bangladesh College of Arts and Crafts, 1967; Higher Studies in Sculpture, Sculpture Center, New York during 1982-83. Awards: Ekushey Padak for contribution in Sculpture in 2008; Best Award in the Sculpture Exhibition and in the Life Oriented Art Exhibition by Bangladesh Shilpakala Academy, 1976. Worked as the Chairman and Professor, Department of Sculpture, Faculty of Fine Arts, University of Dhaka.

মতলুব আলী ১৯৪৬

ইস্ট পাকিস্তান কলেজ অব আর্টস এন্ড ক্রাফ্টস থেকে ১৯৬৯ সালে বিএফএ এবং ১৯৮৭ সালে এমএফএ ডিগ্রি লাভ। পুরস্কৃত হয়েছেন অগ্রণী ব্যাংক শিশু সাহিত্য পুরস্কার ১৯৮৫, রেডিও ড্রামা কমপিটিশন অ্যাওয়ার্ড ১৯৬৩। কাজের মাধ্যম: মিশ্ররঙ, তেলরঙ, জলরঙ, অ্যাক্রেলিক। তিন বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডীন হিসেবে কর্মরত ছিলেন। বর্তমানে চারুকলা অনুষদে ড্রইং পেইন্টিং বিভাগের অধ্যাপক।

MATLUB ALI 1946

Received his Bachelor Degree from College of Arts and Crafts in 1969 and MFA in 1987 from the Institute of Fine Arts, University of Dhaka. Medium of work: oil, acrylic, water colour. Won Agrani Bank Children Literature Award 1985; Radio Drama Competition Award 1966, Zainul Abedin Smriti Parishad Award 2004. He worked for three years as Dean of Faculty of Fine Arts, University of Dhaka. Present Position: Professor, Department of Drawing and Painting, Faculty of Fine Arts, University of Dhaka.

রেজাউল করিম ১৯৪৬

বিএফএ (ড্রইং এন্ড পেইন্টিং), কলেজ অব আর্টস্ এন্ড ক্রাফ্টস, ১৯৬৮। ১৯৬৮ সালে যোগ দেন বাংলাদেশ টেলিভিশন, ঢাকা এবং পরিচালক (ডিজাইন) হিসেবে অবসরগ্রহণ করেন ২০০৪ সালে। দেশে বিদেশে একক প্রদর্শনীসহ বহু গুরুত্বপূর্ণ প্রদর্শনীতে অংশগ্রহণ করেছেন। ফ্রিল্যান্স চিত্রশিল্পী হিসেবে ঢাকায় কর্মরত। রেজাউল করিম কবিতা লেখেন। বই প্রকাশিত হয়েছে।

REZAUL KARIM 1946

BFA from the College of Arts and Crafts, University of Dhaka in 1968. He joined Bangladesh Television in 1968 and retired as Director of Design in 2004. He has had many solo exhibitions. He also composes poems and publishes books. Participated in many group show in home and abroad. Presently he is working as a freelance artist.

আবদুস শাকুর শাহ্ ১৯৪৭

অধ্যয়ন করেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউট, ১৯৭৪ এবং ভারতের বরোদা বিশ্ববিদ্যালয়ে, ১৯৭৮। লোকশিল্পের আদলে নিজস্ব শিল্পশৈলী তাঁর চিত্রের বৈশিষ্ট্য। পুরস্কৃত হয়েছেন টোকিওর আকু (ACCU) প্রতিযোগিতায় ১৯৯১, বাংলাদেশ শিল্পকলা একাডেমী ২০০২। কাজের মাধ্যম: অ্যাক্রেলিক ও জলরঙ। শিক্ষকতা করেছেন চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ে। ক্রাফ্ট বিভাগের প্রধান হিসেবে অবসর গ্রহণ করে বর্তমানে ফ্রিল্যান্স শিল্পী হিসেবে ঢাকায় কর্মরত।

ABDUS SHAKOOR SHAH 1947

Studied at the University of Chittagong in 1974 and at M S University of Baroda, India in 1978. Current style of his painting is using style of folk art in a succinct post-modern backdrop Pata painting of Bengal. Notable among Shakoor's awards are the India's Lalitkala Academy Best Prize 1977; ACCU Prize, Tokyo, Japan 1991, the Honourable Mention Award in the 13th National Art Exhibition 1998, Bangladesh Shilpakala Academy 2002. Mostly works in acrylic media. Shakoor was the Chairman of the Department of Crafts, Faculty of Fine Arts, University of Dhaka. Now he is a fulltime painter.

সৈয়দ আবুল বারক আলভী ১৯৪৭

বিএফএ করেছেন চারুকলা ইনস্টিটিউট, ঢাকা, ১৯৬৮। ১৯৮৩ থেকে ১৯৮৪ সাল পর্যন্ত স্নাতকোত্তর গবেষণা সম্পন্ন করেন জাপানের সুকুবা বিশ্ববিদ্যালয় থেকে। যুক্তরাষ্ট্র হতে প্রিন্টমেকিং-এ প্রশিক্ষণ নেন ১৯৬৭ সালে। পুরস্কৃত হয়েছেন শ্রেষ্ঠ প্রচ্ছদ, জাতীয় গ্রন্থ কেন্দ্র ১৯৮১ ও অগ্রণী ব্যাংক শিশু সাহিত্য (ছবি) পুরস্কার ১৯৯৬। কাজের মাধ্যম: গ্রাফিক্স, ছাপচিত্র, অ্যাক্রেলিক। বর্তমানে ফ্যাকাল্টি অব ফাইন আর্টস এর প্রিন্টমেকিং বিভাগের অধ্যাপক ও চারুকলা অনুষদের ডীন, ঢাকা বিশ্ববিদ্যালয়।

SYED ABUL BARAK ALVI 1947

Obtained Bachelor Degree from Govrnment Art College, Dhaka, in 1968; He did his Post Graduate Research in Tsukuba University, Japan during 1983-84. Studied Printmaking in USA in 1967. Received National Book Centre award twice, Agrani Bank Award, 1996 for Book Cover. He hold the post as Chairman and Professor, Department of Printmaking and now the Dean of Faculty of Fine Arts, University of Dhaka.

বীরেন সোম ১৯৪৮

অধ্যয়ন করেছেন ইস্ট পাকিস্তান কলেজ অব আর্টস এন্ড ক্রাফ্টস, ঢাকা, ১৯৬৯। পুরস্কার: শিল্পাচার্য জয়নুল আবেদিন পুরস্কার ১৯৯৯; অতীশ দীপংকর স্বর্ণপদক ২০০৪; কবি আবু জাফর ওবায়েদুল্লাহ পুরস্কার- ২০০৭ এবং বেগম ফয়জুন্নেসা স্বর্ণপদক ২০০৭। কাজের মাধ্যম অ্যাক্রেলিক, তেলরঙ, কালি-কলম। দীর্ঘ ৩৫ বছর বাংলাদেশ ন্যাশনাল হার্বেরিয়াম এ কর্মরত ছিলেন। বর্তমানে ফ্রিল্যান্স চিত্রশিল্পী।

BIREN SHOME 1948

Obtained his Graduation from Government College of Arts and Crafts, Dhaka in 1969. Notable among his awards are the Shilpacharya Zainul Abedin Award 1999, Atish Dipankar Gold Medal 2004, Poet Abu Zafar Obaidullah Award 2007, Begum Faizunessa Gold Medal 2007. Worked in Bangladesh National Herbarium for 35 years as Chief Artist. Present Position: Freelance Artist.

হাসি চক্রবর্তী ১৯৪৮

বিএফএ করেছেন ১৯৭৩ সালে এবং এমএফএ ডিগ্রি লাভ করেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১৯৯১। বাংলাদেশ শিল্পকলা একাডেমী আয়োজিত ইয়ং পেইন্টার্স প্রদর্শনীতে ২য় পুরস্কার ১৯৭৫, বাংলাদেশ শিল্পকলা একাডেমীর ২য় ইয়ং পেইন্টার্স প্রদর্শনীতে সকল মাধ্যমের মধ্যে শ্রেষ্ঠ পুরস্কার, ১৯৭৯। কাজের মাধ্যম: তেলরঙ, অ্যাক্রেলিক। দীর্ঘকাল শিক্ষকতার পর চট্টগ্রাম আর্ট কলেজের ড্রইং এন্ড পেইন্টিং বিভাগ থেকে অবসর নিয়ে নিজের মত ছবি আঁকছেন।

HASHI CHAKRABORTY 1948

Graduated in 1973 and obtained his Masters from the University of Chittagong in 1991. His awards include Honourary Second Prize at the First Young Painters Exhibition organized by the Bangladesh Shilpakala Academy in 1975. Two years later the same Institution conferred him the Best Award for Work in All Media in 1979. He taught in the Government Art College, Chittagong for a long time. Now he is a Freelance Painter.

আবদুস সাত্তার ১৯৪৮

নিউইয়র্কের প্রাট ইনস্টিটিউট হতে স্নাতক এবং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, শান্তিনিকেতন হতে স্নাতকোত্তর ডিগ্রি লাভ। তিনি ১৯৯৭ সালে তার কাজের জন্য পোর্টল্যান্ড আর্ট মিউজিয়াম আয়োজিত আন্তর্জাতিক প্রিন্ট প্রদর্শনীতে পুরস্কৃত হন। এছাড়া ১৯৯৩ সালে মিসরে অনুষ্ঠিত প্রথম আন্তর্জাতিক ত্রি-বার্ষিক প্রিন্ট প্রতিযোগিতায় এবং ১৯৮১, ১৯৮৫ এবং ১৯৮৯ সালে যুগোস্লাভিয়ায় দ্বি-বার্ষিক গ্রাফিক আর্ট প্রতিযোগিতায় পুরস্কৃত হন। দেশে ১৯৯২ ও ১৯৯৪ সালে সম্মাননা পুরস্কার, শ্রেষ্ঠ প্রিন্ট এর জন্য ১৯৭৬ ও ১৯৮১ এবং ১৯৮০ সালে স্বর্ণপদক লাভ করেন। বর্তমানে তিনি চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাচ্যকলা বিভাগের অধ্যাপক হিসেবে কর্মরত। শিল্পকলা ও সংশ্লিষ্ট বিষয়ে লেখালেখি করেন।

ABDUS SATTER 1948

Satter's academic career is embellished by MFA from Pratt Institute, New York and post graduate study at Vishwa Bharati Universtiy, Shantiniketan. His achievements earned him international awards at the Portland Art Museum International Prints Exhibition 1997, the First International Triennial for Prints 1993 in Egypt, the International Biennial of Graphic Art 1981, 1985 and 1989 in Yugoslavia. At home he received honourable mention in 1992 and 1994, Best Award for Print in 1976 and 1981 and Gold Medal in 1980. Present Position: Professor, Department of Oriental Art, Faculty of Fine Arts, University of Dhaka.

মনসুর-উল-করিম ১৯৫০

১৯৭২ সালে চারু ও কারুকলা কলেজ ঢাকা থেকে বিএফএ অর্জনের পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদ হতে ১৯৭৪ সালে এমএফএ। এশিয়ান দ্বি-বার্ষিক প্রতিযোগিতায় শ্রেষ্ঠ পুরস্কার ১৯৯৩, স্বাধীনতা দিবস চিত্রপ্রদর্শনী পুরস্কার ১৯৭৭ এবং একুশে পদকে ভূষিত হন ২০০৯। কাজ করেন তেলরঙ, অ্যাক্রেলিক, মিশ্র ও জলরঙ মাধ্যমে। বর্তমানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চারুকলা ইনস্টিটিউটে অধ্যাপক।

MANSUR-UL-KARIM 1950

MFA in 1974 from Department of Fine Arts, Chittagong University. BFA in 1972 from Institute of Fine Arts, University of Dhaka.Won the Ekushey Padak in 2009; Grand Award, 6th Asian Art Biennial 1993, Bangladesh Shilpakala Academy, Dhaka and Swadhinata Dibash Art Exhibition Purashkar 1977, Ministry of Cultural Affairs, Government of Bangladesh. Media of works: oil, acrylic, mixed media, water colour. Present Position: Professor, Institute of Fine Arts, Chittagong University.

শাহাবুদ্দীন আহমেদ ১৯৫০

অধ্যয়ন করেছেন বাংলাদেশ কলেজ অব আর্টস এন্ড ক্রাফটস, ঢাকা, ১৯৭৩। অস্ত্র হাতে সরাসরি মুক্তিযুদ্ধ করেছেন ১৯৭১ সালে। প্লাটুন কমান্ডারের দায়িত্বে ছিলেন। উচ্চ শিক্ষার্থে প্যারিসের ইকোল ন্যাশনাল সুপিরিয়র দ্যু-ব্যুয়ে আর্টসে অবস্থান করেন ১৯৭৪ থেকে ১৯৮১ সাল পর্যন্ত। কাজের মাধ্যম: মিশ্র, তেলরঙ, জলরঙ, অ্যাক্রেলিক। শিল্পকলায় অবদানের জন্য ২০০০ সালে বাংলাদেশ সরকারের স্বাধীনতা দিবস পুরস্কারে ভূষিত হন। বাংলাদেশ শিল্পকলা একাডেমীর নবীন শিল্পী শ্রেষ্ঠ পুরস্কার ১৯৮২, ইউনেস্কো প্যারিস ১৯৮০, শিশুশিল্পী হিসেবে পাকিস্তানে প্রেসিডেন্ট পুরস্কার ১৯৬৮। বর্তমানে চিত্রশিল্পী হিসেবে ঢাকা ও ফ্রান্সে কর্মরত।

SHAHABUDDIN AHMED 1950

Platoon Commander in the Liberation War of Bangladesh, 1971; Obtained his BFA from the College of Arts and Crafts, Dhaka in 1973; went Paris for higher studies in Fine Arts and studied at Ecole National Superior des Beaux Arts during 1974-81. He was awarded the Independence Day Award 2000, Young Artists Art Exhibition, Bangladesh Shilpakala Academy, Dhaka in 1982, UNESCO Paris in 1980; President's Gold Medal as Best Child Artist, Pakistan in 1968. Presently living and working in Paris and Dhaka since 1974 as a freelance artist.

অলক রায় ১৯৫০

বিএফএ, বাংলাদেশ কলেজ অব আর্টস এন্ড ক্রাফটস, ঢাকা, ১৯৭৩। এমএফএ করেছেন এম এস বিশ্ববিদ্যালয় বরোদা, ভারত, ১৯৭৮। বেইজিং এর অলিম্পিক অনুষ্ঠানে ল্যান্ডস্কেপ ভাস্কর্য পুরস্কার ২০০৮। শ্রেষ্ঠ পুরস্কার তৃতীয় ও চতুর্থ এশিয়ান বাইনিয়াল ১৯৮৯, ২০০৫; বিশেষ সম্মাননা পুরস্কার ৮ম, ৯ম ও ১২তম জাতীয় চিত্রকলা প্রদর্শনী ১৯৮৭-১৯৯৬ এবং শ্রেষ্ঠ পুরস্কার নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ১৯৭৯। বর্তমানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের অধ্যাপক।

ALOK ROY 1950

BFA from Bangladesh College of Arts and Crafts, Dhaka in 1973; MFA from M S University Baroda, India in 1978. Awards: Beijing Olympic 2008 Contest Award for Landscape Sculpture; Grand Award, 4th Asian Art Biennial, 1989 and 2005; Honorable Mention, 3rd Asian Art Biennial, 1985; Honorable Mention: 8th, 9th and 12th National Art Exhibition, 1987-1996; Best Sculpture Prize, Young Artists Art Exhibition, Bangladesh Shilpakala Academy, Dhaka, 1979. Professor, Institute of Fine Arts, Chittagong University.

অলকেশ ঘোষ ১৯৫০

অধ্যয়ন করেছেন সরকারি আর্ট ইনস্টিটিউট, ঢাকা, ১৯৭২। কর্মরত ছিলেন দৈনিক বাংলা এবং সাপ্তাহিক বিচিত্রা পত্রিকায় ১৯৭৩ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত। জলরঙ ও প্রতিকৃতি অংকন শিল্পী হিসেবে বিশেষভাবে পরিচিত। কাজের মাধ্যম: তেলরঙ, জলরঙ, অ্যাক্রেলিক। বর্তমানে নিজের চিত্রকলা সৃষ্টিতে নিমগ্ন।

ALOKESH GHOSH 1950

Completed his Bachelor Degree in 1972 from the Government Institute of Arts and Crafts, Dhaka. He is widely acclaimed as water colour and portrait painter. Worked in the Daily Dainik Bangla and the Weekly Bichitra during 1973-1994. Present Position: Freelance Artist.

মারুফ আহমেদ ১৯৫১

অধ্যয়ন করেছেন বাংলাদেশ চারুকলা মহাবিদ্যালয়, ঢাকা। ১৯৭৩ সালে সেখান থেকে বিএফএ ডিগ্রি লাভ। জার্মান সরকার ও ঢাকাস্থ গ্যাটে ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে শিল্পকলার উচ্চ শিক্ষার জন্য স্কলারশিপ পান ১৯৭৬ সালে। জার্মানির কোলোন টেকনিক্যাল স্কুল অব আর্ট এন্ড ডিজাইনে থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন ১৯৮৬ সালে এবং স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন ১৯৮৮। চিত্রকলায় বেশ কিছু উল্লেখযোগ্য পুরস্কার পেয়েছেন। তাঁর প্রিয় মাধ্যম তেলরঙ ও অ্যাক্রেলিক। ছবি আঁকার পাশাপাশি ৭০ দশকে রেডিও ও টেলিভিশনে খবর পাঠক হিসেবে খ্যাতি অর্জন করেছিলেন, চলচ্চিত্র ও মঞ্চে অভিনয় করেছেন। দীর্ঘদিন জার্মানির বন্-এ বসবাস করছেন।

MARUF AHMED 1951

Received Bachelor of Fine Arts Degree in 1973 from the Bangladesh College of Art and Crafts. His role as a newscaster in Bangladesh Television and Radio and as an actor in film and on stage are noteworthy. He obtained a scholarship from the Government of Germany in Academic Exchange Service and the Goethe Institute, Germany in 1976. He completed higher studies at the Cologne Technical School of Art and Design in 1986 and received his Master degree in painting in 1988 . He has received international recognition and many awards.

কে এম এ কাইয়ুম ১৯৫২

বাংলাদেশ কলেজ অফ আর্টস এন্ড ক্রাফ্টস হতে ১৯৭৩ সালে বিএফএ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে ১৯৭৫ সালে এমএফএ ডিগ্রি লাভ। শ্রেষ্ঠ পুরস্কার পেয়েছেন বাংলাদেশ শিল্পকলা একাডেমী আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় ১৯৭৬, ১৯৮৩, ১৯৮৫, ১৯৯২ এবং ১৯৯৬। ১৯৭৮ হতে শিক্ষকতা করেছেন চট্টগ্রামের গভর্নমেন্ট আর্ট কলেজে। বর্তমানে অবসর নিয়েছেন।

K M A QUAYYUM 1952

Obtained BFA from Bangladesh College of Arts and Craft in 1973 and MFA from Chittagong University in 1975. Won number of awards in home and abroad. Best award in the year 1976, 1983, 1985, 1992 and 1996 for his exhibited paintings from Shilpakala Academy, Bangladesh. He taught for a long period at the Government Art College, Chittagong. Now, he is a freelance painter.

নাজলী লায়লা মনসুর ১৯৫২

অধ্যয়ন করেছেন চারু ও কারুকলা মহাবিদ্যালয়, ঢাকা। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে ১৯৭৪ সালে স্নাতকোত্তর ডিগ্রি লাভ। ১৯৯২ হতে চট্টগ্রাম গভর্নমেন্ট আর্ট কলেজে দীর্ঘদিন শিল্পকলা বিষয়ে শিক্ষকতা করেছেন। নিয়মিত জাতীয় ও আন্তর্জাতিক চারুকলা প্রদর্শনীতে অংশগ্রহণ করছেন।

NAZLEE LAILA MANSUR 1952

MFA, University of Chittagong, 1974. Participated in all major Exhibitions at home and abroad. She taught for a long period in the Government Art College, Chittagong. Retired as an Assistant Professor and now devoted to her art works.

তরুণ ঘোষ ১৯৫৩

ভারতের পুনায় অবস্থিত বরোদা মহারাজা সায়াজিরাও বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৬ সালে স্নাতকোত্তর ডিগ্রি লাভ। পুরস্কৃত হয়েছেন ৮ম এশিয়ান দ্বি-বার্ষিক প্রদর্শনীতে এবং পেয়েছেন শ্রেষ্ঠ পুরস্কার ১৯৯৭; ১২তম জাতীয় চারুকলা প্রদর্শনী, বাংলাদেশ শিল্পকলা একাডেমী থেকেও পেয়েছেন শ্রেষ্ঠ পুরস্কার। বাংলাদেশ জাতীয় জাদুঘর ঢাকায় ডেপুটি কীপার পদে দীর্ঘদিন কর্মরত ছিলেন।

TARUN GHOSH 1953

Obtained Masters in Fine Arts in Painting from Baroda M S University, Pune, India, 1986. Won the Best Award in 8th Asian Art Biennial, Bangladesh Shilpakala Academy 1997; 12th National Art Exhibition, Bangladesh Shilpakala Academy, 1997. Worked as a Deputy Keeper for a long period in Bangladesh National Museum, Dhaka, Bangladesh.

ফরিদা জামান ১৯৫৩

অধ্যয়ন করেছেন বিএফএ, ১৯৭৪, বাংলাদেশ কলেজ অব আর্টস এন্ড ক্রাফ্টস ঢাকা; ভারতের বরোদা এম এস বিশ্ববিদ্যালয় থেকে এমএফএ ডিগ্রি পেয়েছেন ১৯৭৮ সালে; পিএইচ ডি বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, শান্তি নিকেতন, ১৯৯৫ । পুরস্কৃত হয়েছেন কমেন্ডেসন অ্যাওয়ার্ড, ভারত ট্রায়েন্নিয়াল ১৯৮২, অস্ট্রেলিয়ার সরকারের কালচারাল অ্যাওয়ার্ড, ১৯৮৫, জাতীয় গ্রন্থ কেন্দ্রের শিশুদের বই অঙ্কনের জন্য ১৯৮৬, বাংলাদেশ মহিলা পরিষদ সম্মাননা ২০০৯ । কাজের মাধ্যম: তেলরঙ, অ্যাক্রেলিক, জলরঙ । বর্তমানে চারুকলা অনুষদে ড্রইং ও পেইন্টিং বিভাগের প্রধান হিসেবে কর্মরত ।

FARIDA ZAMAN 1953

